হিরণ্যগর্ভ
নবম বর্ষ, দ্বিতীয় সংখ্যা
৩০শে আষাঢ়, ১৪২৩

Hiranyagarbha
Volume 9, No. 2
हिरण्यगर्भ
नवम वर्ष, द्वितीय संख्या
तारिख-१५जुलाइ, २०१६

৩০শে আষাঢ়, ১৪২৩ 15th July, 2016

সূচীপত্র a Contents

বাংলা বিভাগ ঃ—	শ্রীরামদূত হনুমান	শ্রীশ্রীমা সর্বাণী	05
	যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	07
	শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	শ্রীশ্রীকিশোরী মোহন	08
	মরুৎগণের কথা	শ্রীশ্রীমা সর্বাণী	09
	মুরু বধ	শ্রীশ্রীমা সর্বাণী	11
	জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	12
	যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব	অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায়	13
	নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা	শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর	14
	যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	15
	শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা	স্বামী সংবেদানন্দজী	16
	গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	18
	রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত	শ্রীমতী বীণা চৌধুরী	19
	গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	22
	গুপ্তযোগী ভূপতি মহারাজ	শ্রীসজল কান্তি ভট্টাচার্য্য	23
	নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	24
हिन्दी विभागः—	श्रीरामदूत हनुमान	श्रीविमलानन्द	26
	श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीश्री किशोरी मोहन	28
	गुरुगीता	श्रीश्रीमा सर्वाणी	29
	मरुत-गणों की कथा	श्रीमती ज्योति पारेख	30
	योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	33
	श्रीश्रीमाँ की प्रथम बद्रीनाथधाम यात्रा	श्रीमती ज्योति पारेख	35
	परमब्रह्म के साक्षी	श्रीविमलानन्द	37
	मुरु वध	श्रीमती ज्योति पारेख	37
	नित्यसिद्ध महात्मा के दिव्य दर्शन में – श्रीरामकृष्णलीला	श्रीमती सुशीला सेठिया	38
	उन्मेष	श्रीमती सुशीला सेठिया	39
	योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	40
English Section ः—			
	Hansa-Anu-Maan – Sadguru's Gift to a Sadhaka	Dr. Partha Pratim Chakrabarti	42
	Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	46
	My Life With Anirvan	Sri Gautam Dharmapal	47
	The Philosophy of Truth	Dr. Barun Dutta	48
	Gems from the Garland of Letters	Sri Arnab Sarkar	49

ISBN No. 978-93-80373-90-4 Cover : Sri Hanuman

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 2488-1826, website : www.akhandamahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

বর্ষণমন্দ্রিত শ্রাবণের মেঘাচ্ছন্ন আকাশকটাহে ধ্বনিত মেঘডম্বরু মাঝে ভেসে আসে পুণ্য শঙ্খধ্বনি। আমাদের স্মরণ করিয়ে দেয় গুরুপূর্ণিমার পুণ্যলগ্ন সমাগত। পরমপুণ্য আর এক লগ্ন আমরা সদ্য অতিক্রম করে এসেছি — শ্রীশ্রীজগন্নাথদেবের স্নানযাত্রা ও আমাদের গুরুমায়ের শুভ জন্মতিথি। ধূপ-দীপ, পুষ্প, চন্দনের সুগন্ধে ও সান্ধ্য-ভক্তিগীতির সমর্পণের মধ্যে দিয়ে আমরা স্মরণ করেছি সেই পুণ্য-লগ্ন — প্রার্থনা করেছি তাঁদের অনুকম্পা। অসুরশক্তির আস্ফালনে সনাতন ধর্মের অস্তিত্ব যখন সঙ্কটময়, গুরুমহাত্মাগণের অখিল ক্রিয়াপ্রভাব সকল বিপদসঙ্কুলতা থেকে ভক্তিবিনম্র মানবকুলকে রক্ষা করুন - এটাই আমাদের ঐকান্তিক প্রার্থনা।

গুরুপূর্ণিমার পুণ্যলগ্নে পরমপূজ্য শ্রীশ্রীনাঙ্গাবাবা, মহাবতার বাবাজী মহারাজ, শ্রীশ্রীলাহিড়ী মহাশয়, শ্রীশ্রীসরোজ বাবা ও শ্রীশ্রীমায়ের শ্রীচরণে ভক্তিবিনম্রচিত্তে আমরা প্রণতঃ হই — প্রার্থনা করি যেন তাঁদের আশীর্বাদে আমাদের সকলের হৃদয়ে জ্ঞান ও ভক্তির আলোকবর্তিকা প্রজ্জ্বলিত হয়। সততা, নিঃস্বার্থতা, চিত্তের শুদ্ধতা ও সমর্পণের বীজমন্ত্র স্মরণ করে আমরা যেন আধ্যাত্মিক লক্ষ্যপথে অচঞ্চলভাবে অগ্রসর হতে পারি।

হিরণ্যগর্ভের এই বিশেষ সংখ্যাটি আমরা নিবেদন করেছি পরম ভক্তবৎসল, দাস্যভাবের পরমাদর্শ-বহনকারী, সঙ্কটমোচন, মহাবীরস্বামী শ্রীশ্রীহনুমানজীর চরণপদ্মে। মহাবল-বজরঙ ব্রহ্মার বরে শত্রুগণের ভয়োৎপাদক ও মিত্রগণের অভয়কারী, অজেয় কামরূপ, অব্যাহতগতি ও পরম কীর্তিমান। সৃষ্টিতত্ত্বে তাঁর আসল পরিচয় যে তিনি শিবসাযুয্যবান অযোনিসম্ভবা ঋষি 'নন্দী'। সাধনমার্গের পরিপূর্ণতার পথে এই নন্দী ঋষিই ভগবৎ রামলীলায় রুদ্রাবতার রূপে এক সুমহান চরিত্র অবলম্বনকরতঃ "হনুমান" চরিত্রে অবতীর্ণ হয়েছিলেন। তিনি ভক্তিযোগের বৈরাগ্য ও দাস্যভাবের সাক্ষাৎ প্রতিভূ - সগুণব্রহ্ম সনাতনের এক অনন্যসাধারণ রূপ।

আজ গুরুপূর্ণিমার পুণ্যলগ্নে আমরা তাঁর শ্রীচরণে আভূমি প্রণতঃ হই এবং প্রার্থনা করি, "হে পরম ব্রহ্মর্ষি, আপনি আমাদের শুদ্ধ-সমর্পিত, তেজস্বী ও দৃঢ়চেতা করুন - আধ্যাত্মিক পথে আমাদের সঙ্কটমোচনপূর্বক আমাদের কৃপাধন্য করুন।"

"পবন তনয় সঙ্কট হরণ, মঙ্গল মূরতি রূপ।
রাম-লখন-সীতা সহিত, হৃদয় বসহু সুরভূপ।।"

We hear the clarion call of conch shells amidst the rumblings of thunder from the overcast sky in the rainy month of Sravana. The auspicious event of Guru Purnima has arrived.

A few days back, the Ashramites celebrated with piety and verve the Snanyatra ceremony of Lord Jagannath along with the advent ceremony of Sree Sree Maa. Offering of flowers, lamp and incense and rendition of spiritual songs by Maa's disciples and devotees marked this auspicious occasion. We prayed for the blessings of all saints and savants to guard us against the present turbulent times when humanity is standing at the crossroads of existence.

On the forthcoming occasion of Guru Purnima, let all Gurubhais and Gurubons offer our humble obeisance to the lotus feet of Shri Shri Nanga Baba, Mahavatar Babaji Maharaj, Shri Shri Lahiri Mahashay, Shri Shri Saroj Baba and Sree Sree Maa. We pray for their blessings so that the virtues of purity, honesty, beatitude and surrender enlighten our minds in our spiritual journey forward.

This issue of Hiranyagarbha is being dedicated to the lotus feet of "Mahavirswami Sankatmochan" Lord Hanuman, the divine sage, who stands as the epitome of all virtues, chastity, surrender and service to the Supreme Lord. Blessed with the divine boon of Lord Brahma, He always protects His devotees, destroys the evils and is omnipresent. Very few are aware that He is none other than the great ancient sage, Nandi, the divine escort of Lord Shiva. For His spiritual fulfillment, He descended amongst us in the manifestation of Lord Hanuman during the divine incarnation of Lord Rama in the Treta Yuga to set forth a sublime ideology of surrender and service to God.

Let us bow our heads to this great saint and pray to Him for His blessings to eliminate all obstacles in the austere path of spirituality and to bestow us with courage and purity towards our pious goal.

"Pavana-tanaya Sankataharana, Mangal Murati Rup
Ram-Lakhan-Sita-sahita Hriday Basahu Sura Bhup"

শ্রীরামদূত হনুমান

শ্রীশ্রীমা সর্বাণী

'হনুমান' পুরাণের এক অতি বিশিষ্ট মহান ভগবৎ চরিত্র। এই অতিঅদ্ভুত অবতার চরিত্রের জন্মকথাও অত্যদ্ভুত। কথিত আছে যে সুমেরু পর্বতে বানররাজ কেশরী থাকিতেন। এই বানররাজ কেশরীর ক্ষেত্রজ ও বায়ুদেবের ঔরসজাত পুত্র ছিলেন 'হনুমান'। হনুমানের মাতার নাম অঞ্জনা বা অঞ্জনী। অঞ্জনা বানরশ্রেষ্ঠ কুঞ্জরের দুহিতা ছিলেন। একদিন ফল আহরণার্থ গহন বনে অঞ্জনা বিচরণ করিতেছিলেন, সেই সময় বায়ুদেবও সেখান দিয়া গমন করিতেছিলেন, এমন সময় অঞ্জনার অপ্সরাতুল্য রূপলাবণ্য দেখিয়া বায়ু তখন অতি পুলকিত হইলেন। অঞ্জনার রূপে মুগ্ধ হইয়া বায়ুদেব (পবনদেব) তাঁহাকে আলিঙ্গন করিলে অঞ্জনা বায়ুকে তিরস্কার করেন। তখন বায়ু বলেন যে তিনি অঞ্জনার সঙ্গে মনে মনেই মিলিত হইয়াছেন, ইহাতে তাহার কোন ক্ষতির সম্ভবনা নাই। ইহার ফলে তাঁহার অতি পরাক্রমশালী ও বায়ুর মতই বেগবান এক পুত্র হইবে। তদনন্তর এই কথা বলিয়া বায়ু প্রস্থান করিলেন। কিছুদিন পর অঞ্জনা গুহা মধ্যে হনুমানকে প্রসব করিলেন। শিশুপুত্র জন্মিলে পরে মাতা অঞ্জনা ফলমূল আহার সংগ্রহের জন্যে গুহা হইতে বাহির হইলে পরে তখন সদ্য প্রসূত হনুমান ক্ষুধার্ত হইয়া ক্রন্দন করিতে লাগিলেন। এমন সময়ে আকাশে নবোদিত সূর্য্যকে দেখিয়া হনুমান তাঁহাকেই ফল ভ্রমে গ্রহণ করিবার জন্যে লম্ফ প্রদান পূর্বক বহু শতযোজন ঊর্ধ্বে আকাশে উঠিলেন। হনুমান আকাশে উত্থিত হইলে পবন স্বীয় পুত্রের প্রতি মমতার বশবর্তী হইয়া তাহার অনুগামী হন। হনুমান ক্রমে আকাশে গমন করিতে করিতে সূর্য্যের সন্নিধানে উপস্থিত হইলেন। কিন্তু সূর্য্য তাহাকে বালক বিবেচনায় দগ্ধ করিলেন না। এমন সময় রাহু সূর্য্যকে গ্রাস করিবার জন্যে উদ্যত হন; কিন্তু হনুমানকে সূর্য্যরথে দেখিয়া, তাহাকে নিজ প্রতিদ্বন্দী মনে করিয়া তখন রাহু ইন্দ্রের নিকট গমন করিয়া অভিযোগ করেন। ইন্দ্র রাহুর অনুরোধে সূর্য্যসমীপে গমন পূর্বক হনুমানকে বজ্রদ্বারা প্রহার করেন। সেই বজ্রাঘাতে পবন তনয়ের বাম হনু (চোয়াল/চিবুক) ভগ্ন হইয়া যায় এবং তিনি ভূতলে জ্ঞানশূন্য হইয়া পতিত হইয়া যান। তখন ক্রুদ্ধ হইয়া পবনদেব আহত পুত্রকে লইয়া পর্বত গহ্বরে লুক্কায়িত হন।

তখন সর্বভূতে বিপর্য্যয়ের সৃষ্টি হয়। বায়ুর অভাবে ত্রিলোকে হাহাকার পড়িয়া যায়। বায়ু সঞ্চালন বন্ধ হইলে দেবগণ সমূহ বিপদাশঙ্কা করিয়া ব্রহ্মার নিকট গমন করিলে তখন ব্রহ্মা দেবগণসহ পর্বতগুহায় পবন সন্নিধানে উপস্থিত হইয়া হস্তস্পর্শ দ্বারা বায়ুপুত্রের জীবন দান করিলেন। বায়ুও তখন আনন্দিত হইয়া পুনরায় জগতে বিচরণ করিতে লাগিলেন।

অনন্তর ব্রহ্মাদি দেবগণ সন্তুষ্ট হইয়া সকলেই হনুমানকে বর প্রদান করিয়াছিলেন। ব্রহ্মার বরে হনুমান শত্রুগণের ভয়োৎপাদক ও মিত্রগণের অভয়কারী, অজেয় কামরূপ, কামচারী, কামগামী অব্যাহতি গতি ও কীর্তিমান হইলেন। ইন্দ্র বলিলেন যে তাহার বজ্রাঘাতে হনু ভগ্ন হইয়াছে বলিয়া এই মহাবল বায়ুপুত্র 'হনুমান' নামে বিখ্যাত হইবে এবং ইন্দ্রের বজ্রের অবধ্য হইবে। সূর্য্য বলিলেন, ''আমি ইহাকে মদীয় অংশের শততম অংশ তেজ প্রদান করিতেছি এবং যখন এই বায়ুপুত্র শাস্ত্রাধ্যয়ন করিতে সমর্থ হইবে, তখন আমি ইহাকে শাস্ত্র প্রদান করিব। তাহাতে হনুমান অসাধারণ বাগ্মীতা লাভ করিবে।'' বরুণদেব বলিলেন যে তাহার পাশ ও জল হইতে অযুতশতবর্ষেও হনুমানের মৃত্যু হইবে না। যমের বরে তিনি যমদণ্ডের অবধ্য হইলেন। এতদ্ভিন্ন তিনি রোগহীনতা ও অবিষন্নতাও লাভ করিলেন। কুবের বলিলেন যে যুদ্ধে হনুমান তাঁহার গদার অবধ্য হইবে। শঙ্কর ও বিশ্বকর্মাও বলিলেন যে পবনতনয় তাঁহাদের অস্ত্রাদির অবধ্য হইবে। দেবগণ এইরূপে বর প্রদান করিলে পর পবন তাঁহার পুত্রকে অঞ্জনার হস্তে

সমর্পণপূর্বক দেবগণের বরপ্রদান বৃত্তান্ত ব্যক্ত করিয়া প্রস্থান করিলেন।

বরলাভ করিয়া বলশালী হইয়া হনুমান ঋষিদের আশ্রমে উপদ্রব করিতে থাকেন। কেশরী ও পবন তাঁহাকে নিষেধ করিলেও হনুমান তাঁহাদের কথায় কর্ণপাতও করিলেন না। অবশেষে হনুমানের অত্যাচারে পীড়িত হইয়া ভৃগু ও অঙ্গিরা বংশীয় ঋষিগণ হনুমানকে শাপ দিলেন। তাঁহাদের অভিশাপে হনুমান দীর্ঘকাল নিজ বল ও কীর্তি সম্বন্ধে আত্মবিস্মৃত থাকেন। পরে রাম লীলায় সীতা উদ্ধারের সময়ে শ্রীরামদূত হইয়া সাগর লঙ্ঘন পূর্বে জাম্ববান তাঁহার পূর্ববৃত্তান্ত স্মরণ করাইয়া দিলে তখন হনুমান নিজেকে যথেষ্ট শক্তিশালী বোধ করিয়া 'রাম-নামে' এক লাফে সাগর লঙ্ঘন করেন।

সূর্য্যের শতাংশ তেজ ধারণ করিয়াছিলেন বলিয়া হনুমানকে 'রুদ্রাবতার' বলা হইয়া থাকে। যাঁহারা অবতার হইয়া থাকেন তাঁহাদের আবির্ভাবের পশ্চাতে কারণেরও কারণ থাকে, কারণ একাধিক কারণবশতঃ অবতার তাঁহার অবতারস্বরূপ দেহ ধারণ করিয়া থাকেন এবং সেই দেহ হয় সগুণ ব্রহ্মের একটি নব রূপায়ণ এবং যাহার মধ্যে সৃষ্টিতত্ত্বের কোনও নির্দিষ্ট বিষয়ের জ্ঞান সন্নিবেশিত থাকে। অবতার দেহ সাধারণতঃ ভগবৎলীলায় অংশগ্রহণের জন্যই ধারণ করা হয়।

'রুদ্র' বলিতে ভর্গদেবের প্রকাশরূপ শিবরূপকেও বোঝায়। তাই হনুমান শিবাবতার। এই রুদ্ররূপী শিবস্বরূপের পশ্চাতে মুনিঋষিগণের উপলব্ধিত এক বিরাট সত্য নিহিত রহিয়াছে; যোগগম্য উপলব্ধির আলোকে দেখিতে পাওয়া যায় যে 'হনুমান' একজন অতি প্রাচীন ব্রহ্মজ্ঞ ঋষি। ভগবৎস্বরূপের পথে সেই ব্রহ্মজ্ঞ মহর্ষির সাধনা রুদ্রাবতার রূপে শিবসাযুজ্যে ভগবান শ্রীরামচন্দ্রের রামলীলায় এক সুমহান চরিত্র অবলম্বনকরতঃ আবির্ভূত হইয়াছিলেন। ভক্তিযোগের বৈরাগ্য এবং দাস্যভাবের সাক্ষাৎ প্রতিমূর্তি হইলেন 'শ্রীহনুমান'। ইহাভিন্ন শ্রীরামলীলার যৌগিক-তাত্ত্বিক রূপে হনুমানের বহু অবদান আমরা দেখিতে পাই। সাধারণভাবে 'হনু' শব্দের অর্থ হইল গণ্ডস্থলের উপরিভাগ অথবা চোয়াল বা চিবুক। আর যৌগিক তত্ত্বগত ভাবে 'হনুমান' কথার অর্থ হইল 'হং-কার' (বা হংসের হং-যুক্ত) সংযুক্ত অণুর (ব্রহ্মাণুর) মান; অর্থাৎ আত্মসত্তার মান বা আত্মার স্বরূপের মান বা পরিধি। যেটি একটি ব্রহ্মাণুর স্বরূপ নির্ণয়কারী তাই হনুমান শিবরূপ হইয়াও শক্তির প্রতীক, 'মান'রূপী আত্মশক্তির প্রকাশিত তত্ত্বগত রূপ, সগুণ ব্রহ্ম সনাতনের এক অদ্ভুত অনন্য অসাধারণ স্বরূপ, পঞ্চাননরূপী বিরাট পুরুষের আরও একটি প্রতিভূ।

প্রাচীন যুগে শিলাদ নামে এক ধর্মাত্মা মহান ঋষি ছিলেন। একদিন তিনি শিবলোক হইতে প্রত্যাগমন করিবার সময় তাঁহার পিতৃগণকে নরকে লম্বমান অবস্থায় দেখিতে পান। তাঁহারা শিলাদকে বলিলেন যে, তিনি দার-পরিগ্রহ না করায় তাঁহাদের ঐরূপ গতি হইয়াছে। তজ্জন্য উহারা শিলাদকে পুত্র লাভার্থ মহাদেবের আরাধনা করিতে বলিলেন। পিতৃগণের কথায় মহর্ষি শিলাদ তখন শঙ্করের আরাধনায় প্রবৃত্ত হইলেন তাঁহার আরাধনায় সন্তুষ্ট হইয়া মহাদেব তাহাকে বর প্রার্থনা করিতে বলিলেন এবং শিলাদ শিবতুল্য অমর অযোনিজ পুত্র প্রার্থনা করিলেন। মহাদেব শিলাদের এই প্রার্থনা পূর্ণ হইবে বলিয়া চলিয়া গেলে মহর্ষি শিলাদ এক যজ্ঞভূমি কর্ষণ করিতে করিতে লাঙ্গলমার্গে এক পরম তেজস্বী কুমারকে পুত্ররূপে প্রাপ্ত হন। প্রথমে শিলাদ সেই শিশুর প্রতি দৃষ্টিপাত করেন নাই। পরে দৈববাণী শ্রবণ করিয়া তিনি সেই শিশুকে গ্রহণ করিলেন। সেই কুমার তাঁহার আনন্দকর হওয়াতে তিনি তাহার নাম রাখিলেন 'নন্দী'। নন্দীর সপ্তম বর্ষ বয়ঃক্রম কালে মিত্রাবরুণ নামক তপস্বীদ্বয় শিলাদের আশ্রমে উপস্থিত হন। তাঁহারা শিলাদের সেবায় তুষ্ট হইয়া ভবিষ্যৎবাণী করিলেন যে শিলাদ-তনয় নন্দী অষ্টম বর্ষ বয়সে মৃত্যুমুখে পতিত হইবে। মহর্ষি শিলাদ একথা শ্রবণ করিয়া অত্যন্ত দুঃখিত হইলেন।

নন্দী নিজ পিতার দুঃখের কারণ জানিতে পারিয়া মরণকে অতিক্রম করিবার জন্যে মহাদেবের আরাধনা করিতে চলিয়া গেলেন এবং অতি উগ্র তপস্যা করিয়া মহাদেবের নিকট হইতে বরপ্রাপ্ত হইয়া জরা ও মৃত্যু রহিত হইলেন। সাধনমার্গে পরিপূর্ণতার পথে এই নন্দীঋষিই ত্রেতাযুগের ভগবৎরামলীলায় 'হনুমান' চরিত্রে ভগবান শ্রীরামদূত হইয়া আবির্ভূত হইয়াছিলেন। 'রামদূত' শব্দে 'রাম' অর্থে আত্মা

আর 'দূত' অর্থে প্রতিনিধি; অর্থাৎ 'আত্মার প্রতিনিধি' যিনি, তিনি পরম বিশ্বাসবান। 'বিশ্বাস' অর্থাৎ বিগত শ্বাস বা শ্বাসশূণ্যতা বা স্থিরপ্রাণ। স্থিরপ্রাণ হইল আত্মা আর বিশ্বাস হইল তাহার মান। অতএব 'হনুমান' হইলেন 'রামদূত', 'রামরূপী' সকল আত্মসত্তার বিশ্বাসরূপী দৃঢ়শক্তির মান। নন্দী ঋষি শিবের প্রধান 'গণ'রূপে পরিগণ্য হইয়াছেন। তিনি বৃষভ রূপে শিববাহন হইয়া ভগবান শিব ও দেবী পার্বতীকে একসঙ্গে আপন স্কন্ধে ধারণ করিয়া বিশ্বপর্য্যটন করেন। তাই শিববাহন বৃষভ 'নন্দীশ্বর' বলিয়া পরিচিত। বৃষভ বা ঋষভ কথাটির অর্থ হইল শ্রেষ্ঠ এবং বলিষ্ঠ। অতএব 'নন্দী' , অতিশক্তিশালী শ্রেষ্ঠ একজন শিবসাযুজ্যবান ব্রহ্মর্ষি যিনি অযোনিসম্ভবা 'হনুমান'রূপে অবতার ধারণ করিয়া দেবী সীতার সংকট মোচন করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম হয় 'সংকট মোচন'।

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (২৫) : দাদা প্রতি মুহূর্তে পরীক্ষা নিতেন এবং সেই পরীক্ষার মধ্যে দিয়ে দাদা তাঁর দীক্ষিত সন্তানদের যাচাই করতেন। — কোনও একদিন আমরা সব বসে আছি, দাদা জল চাইলেন পান করবার জন্যে। দাদার ঘরেতে একটি

মাটির জালা বসানো থাকতো এবং জল তোলার জন্যে হ্যাণ্ডেল লাগানো ছোট গেলাস থাকত। সেইটে করে জল তুলে আমরা পাশে রাখা গেলাস ভরতাম। এইভাবে আমাদের কোনো একজন দাদাকে এক গ্লাস জল দিল। দাদা জলটা পান করবার আগে গ্লাসের ভিতরটা দেখতে লাগলেন এবং বেশ গভীর ভাবেই দেখতে লাগলেন। তারপর কোনো একজনকে বললেন যে, ''দেখ তো, গ্লাসের ভিতর কি একটা দেখা যাচ্ছে, যেন কি একটা নড়ছে?'' — যেহেতু বাবা (দাদা) বলেছেন যে কিছু একটা দেখা যাচ্ছে, সুতরাং কিছু দেখা না গেলেও নিশ্চই বাবার দৃষ্টিতে কিছু ধরা পড়েছে? সুতরাং ফ্যাল্ ফ্যাল্ করে দেখে সেই ব্যক্তিটি বললেন, ''হ্যাঁ বাবা, কি যেন একটা নড়ছে।'' তখন বাবা সেই ব্যক্তিটির পাশের জনকে বললেন, ''তুমি দেখো তো কিছু আছে কি না?'' সেও পাশের ব্যক্তিটির মতন বলল, ''হ্যাঁ বাবা, কি যেন একটা আবছা মতন দেখা যাচ্ছে।'' এইভাবে দাদা আরও দু-একজনকে দেখতে বললেন এবং তাদের কাছ থেকে একই উত্তর পেলেন। তারপর আশীষদার পালা যখন এলো তখন তিনি ভালো করে দেখে বললেন, ''দাদা, পরিষ্কার জল। কিছুই নেই। আপনি জলটা পান করুন।'' দাদা তখন স্মিত হেসে বললেন, ''বলছিস্ কিছু নেই, তাহলে দে, জলটা খেয়েনি।''— বলে দাদা জল পান করলেন। তারপর দাদা কিছুক্ষণ বাদে আস্তে আস্তে বললেন যে ''সত্যিকারের দৃষ্টি হচ্ছে যোগের পথে যাবার প্রথম সোপান।''

আরেকদিন আশীষদা বাবাকে বললেন, ''দাদা, মাঝে মাঝে চিন্তা হয় যে পরের জন্মে কোথায় কিভাবে জন্মাবো? — গরু, ছাগল, কীট হয়ে জন্মাবো না মানুষ হয়ে আবার এই ধরণীর বুকে আসবো?''— বাবা তখন অদ্ভুতভাবে স্নেহের দৃষ্টি দিয়ে বললেন, ''তোরা আমার জন্ম-জন্মান্তরের দীক্ষিত সন্তান। পরবর্তী জন্মে তোরা সব সদ্‌বংশে এবং আধ্যাত্মিক চেতনা সম্পন্ন ঘরে ঘর আলো করে আসবি। আমার ক্রিয়ান্বিত সন্তানেরা ঢোঁড়া সাপ নয়, তারা সব রাজ গোখরো সাপ।

প্রসঙ্গ (২৬) : আমাদের দাদা (আশীষদা শ্রীশ্রীবাবাকে 'দাদা' বলে সম্বোধন করতেন) যেন microfilm এর মতন সমস্ত ভবিষ্যতের ঘটনা দেখতে পান। ঠিক সালটা মনে নেই, সম্ভবতঃ নিউজিল্যাণ্ডের সঙ্গে ভারতের cricket খেলা হচ্ছে, দাদা এবং আমরা ওপরের দোতলার ঘরে বসে খেলা দেখছি। নিউজিল্যাণ্ড খুব মারছে ৪,৬; ভারতের player-রা এপাশ থেকে ওপাশ খালি ছুটছে। আমরা সবাই বলছি, ''দাদা আর দেখতে ভালো লাগছে না; আপনি এখনই out করে দেবার ব্যবস্থা করুন; আমরা হতাশ হয়ে গিয়েছি।'' দাদা হঠাৎ বললেন, ''তোরা কি একটা out দেখতে চাস?'' বলেই দাদা চুপ করে বসে রইলেন। সত্যি! ঠিক পরের বলটাতেই

নিউজিল্যাণ্ড over-boundary বলে catch-out হয়ে গেল! — আমরা আনন্দে হৈ হৈ করে উঠলাম কেন না ঐ player-টাকে কিছুতেই out করা যাচ্ছিল না। — কিন্তু এখানে একটা কথা আছে যে আপনারা কেউ ভাববেন না যেন শ্রীশ্রীবাবা ঐ out-টা করে দিয়েছেন। এটা কোনো সদ্‌গুরু মহারাজ করবেন না কেন না তাহলে এটা একটা partiality হয়ে যায়। সেই দেশ (নিউজিল্যাণ্ড) কি দোষ করলো যে গুরুমহারাজ নিজের দেশের হয়ে পক্ষপাতিত্ব করে out করে দেবেন? এটা মহাত্মারা কখনোই করেন না; তাহলে মহাত্মনেরা তাঁদের মহান আদর্শ হতে চ্যুত হবেন। এই ঘটনাটির ক্ষেত্রে শ্রীশ্রীবাবা দিব্যদৃষ্টি দিয়ে দেখতে পেয়েছিলেন যে ঐ নির্দিষ্ট বলটাতে নিউজিল্যাণ্ডের player-টি out হয়ে যাবে, ভবিষ্যতে কি ঘটনা ঘটতে চলেছে তা ওনারা দেখতে পান।

মহাত্মারা ত্রিকালদর্শী হন। তাঁরা তাদের প্রজ্ঞাদৃষ্টি ও দূরদৃষ্টি দিয়ে ব্রহ্মাণ্ডের সকল ঘটনা অবগত হতে পারেন। মহাত্মাদের এটি বিশেষ প্রকার যোগৈশ্বর্য্য মাত্র। *...ক্রমশঃ*

—পিতৃচরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়
শিবপুর, হাওড়া

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

পত্র নং (২)

ওঁ

৮ই অগ্রহায়ণ, ১৩৪৫ বাং
কাশীধাম

শ্রীমতী সরলা - পরম কল্যাণীয়াষু,

তুমি বিদেহ-মুক্তি কাহাকে বলে জিজ্ঞাসা করিয়াছ। বিদেহ শব্দের অর্থ বিগত দেহ। দেহ থাকিতে যে মুক্তি হয়, দেহ ত্যাগের পর আরোও মুক্তির উৎকর্ষাবস্থা হয়। যাবদ্দেহ থাকে পূর্ব পূর্ব জন্মকৃত প্রারক কর্মফলের ভোগ হয়। মৃত্যুর পর আর কর্মভোগ থাকে না। উহাই বিদেহ মুক্তি। উহাকেই নির্বাণ মুক্তি বা কৈবল্য মুক্তি বলে। জীব তখন ব্রহ্মে সম্পূর্ণরূপে স্থিত হইয়া তাঁহার সহিত একাকার হয়, এবং সম্পূর্ণ বিশ্রাম, আনন্দ ও শান্তি চিরকালের জন্য ভোগ হয়। তাহার আর পূনর্জন্ম হয় না দেহ থাকিতে তাহার পূর্ব পূর্ব জন্মকৃত যে সকল কর্মের ভোগ হয় নাই, তৎসমস্ত আত্মজ্ঞানের দ্বারা দগ্ধ হইয়া নষ্ট হয়। যেগুলি পূর্বজন্মে প্রস্ফুটিত হইয়া ফলোন্মুখ হইয়াছিল, তাহারা এই জন্মের হেতু হয় এবং সেইগুলি মাত্র কর্মের ফল এই দেহে ভোগ হয়। সেই ভোগের জন্য একটা আয়ুও প্রাপ্ত হয়। প্রারব্ধ শব্দের অর্থ — যাহা ফল দিতে আরম্ভ করিয়া ফল ভোগের জন্য জন্ম ও আয়ু প্রাপ্ত হয়, এবং সেই জীবনে সেই সকল কর্মমাত্রের ফল ভোগ হয়। অন্যান্য কর্মের ফল এই জীবনে ভোগ হয় না। সেই সমস্ত অভুক্ত কর্মের বীজ জ্ঞান দ্বারা নষ্ট হয় না। মৃত্যুকাল পর্যন্ত ভোগ হইয়া তাহার অন্ত হয়। এইরূপে জ্ঞানীর আর কোনো কর্মই থাকে না। তিনি বৈকুণ্ঠধাম, গোলকধাম বা ব্রহ্মলোক ইত্যাদি কোন লোকেই গমন করেন না। সর্বব্যাপী পরমাত্মাতে দেহমধ্যেই তাহার মন ইন্দ্রিয়াদি বিলীন হইয়া যায়। অগ্রে দ্বৈতভাবে সাধন হয় পরে চিত্ত নির্মল হইলে অদ্বৈত ভাবের বিকাশ হয়। সেই ক্রমিক বিকাশে 'আমি সেই অনন্ত ব্রহ্ম' এইভাবে জ্ঞানের উদয় হয়। ক্রমশঃ সাধন করিতে করিতে সর্বদা সর্বত্র বিনা চেষ্টায় আপনাকে সর্বব্যাপী ব্রহ্ম বলিয়া জানিতে পারেন তখন এই ভাবই স্বাভাবিক হইয়া পড়ে। উহাই জীব-মুক্তি। এই অবস্থাপ্রাপ্ত হইলে মৃত্যুর পর নিশ্চয়ই নির্বাণমুক্তি লাভ হইবে। তোমরা আমার আশীর্বাদ গ্রহণ কর এবং সদা সাধন কর, জীবন্মুক্তি লাভ হইয়া যাইবে।

ভগবান কিশোরী মোহন

ইতি —

শ্রীকিশোরী মোহন

('বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত)

মরুৎগণের কথা

রামায়ণে আছে, ব্রহ্মাপুত্র মরীচি হইতে কশ্যপ প্রজাপতি জন্মগ্রহণ করেন। তিনি দক্ষের ষষ্ঠি কন্যার মধ্যে অদিতি, দিতি, দনু, কালকা, তাম্রা, ক্রোধবশা, মনু ও অনলা নাম্নী আটজন কন্যাকে বিবাহ করেন। কশ্যপ একজন ঋগ্বেদের মন্ত্র দ্রষ্টা ঋষিও ছিলেন। দক্ষকন্যা দিতি ভগ্নী অদিতির মহাতেজশালী পুত্র ইন্দ্রকে দেখিয়া পতি কশ্যপের নিকট ঐরূপ বীর্য্যশালী এক পুত্র প্রার্থনা করেন। পুত্র প্রার্থনা করিলে কশ্যপ বহু অর্থ ব্যয় করিয়া একটি পুত্রেষ্টি যজ্ঞ করিলেন এবং 'ইন্দ্র শত্রো ভবস্ব' এই বলিয়া অগ্নিতে ঘৃতাহুতি দিলেন। অতঃপর তিনি দিতির গর্ভধান করিয়া তাঁহাকে বলিলেন, ''তুমি শতবৎসর কাল অতীব যত্ন সহকারে সর্বপ্রকার অনাচার বর্জনকরতঃ সম্পূর্ণ শুচিভাবে এই গর্ভকে রক্ষা করিবে। তাহা হইলে তুমি তোমার অভিলষিত পুত্র লাভ করিবে।'' এই কথা বলিয়া কশ্যপ চলিয়া গেলেন।

দিতিও স্বামীর নির্দেশানুসারে শুচিশুদ্ধভাবে অবস্থান করিতে লাগিলেন। ইন্দ্র ইহা জানিতে পারিয়া সেই গর্ভ নষ্ট করিবার জন্য দিতির নিকট আসিলেন এবং তাহার মনে ছলে-বলে বিশ্বাস জাগাইয়া গর্ভ নষ্ট করিবার সুযোগ লাভের প্রত্যাশায় সেখানে অবস্থান করিতে লাগিলেন। শতবৎসর পূর্ণ হইবার তিন দিন যখন বাকি ছিল তখন একদিন দিতি অপ্রমাদবশতঃ অধৌতপায়ে মুক্তকেশে দিবসের কালে নিদ্রিত হইলেন। ইন্দ্র দিতির সেই অশুচিভাব জানিতে পারিয়া সুযোগ পাইয়া তখন দিতির উদরে সূক্ষ্মভাবে প্রবিষ্ট হইয়া সেই গর্ভকে প্রথমে সপ্তখণ্ডে ছেদন করিলেন। কিন্তু বজ্রছিন্ন হইয়াও সেই গর্ভ ক্রন্দন করিতে লাগিল। তখন ইন্দ্র তাঁহাদিগকে ''মা রুদ'' বলিতে বলিতে সেই প্রতিটি অংশকে পুনঃ সপ্তখণ্ডে বিভক্ত করিলেন। এইভাবে ঊনপঞ্চাশ খণ্ডে বিভক্ত হইয়াও সেই গর্ভ তখন রোদন করিতে লাগিল। ইহাতে ইন্দ্র অতিশয় শঙ্কিত হইয়া পড়িলেন এবং ব্রহ্মা পূজার ফলেই যে দিতির ওই গর্ভ বজ্রাহত হইয়াও বিনষ্ট হইল না, তাহা বুঝিতে পারিয়া দিতির নিকট ক্ষমা প্রার্থনা করিয়া বলিলেন, ''মাতঃ! আমি হিংসার বশবর্তী হইয়া আপনার গর্ভ বিনাশ করিতে চেষ্টা করিয়াছিলাম। কিন্তু এখন প্রত্যক্ষ করিলাম যে ব্রহ্মার বরে তাঁহারা সর্বথা অবধ্য। ইহাদের রোদন কালে আমি ইহাদিগকে 'মা রুদ' বলিয়াছিলাম। সেইজন্য ইহারা 'মরুৎ' নামে খ্যাত সুখভাগী দেবতা হউক। আমি আপনার এই সন্তানগণকে 'মরুদ্‌গণ' নাম দিয়া দেবগণের সমান করিয়া লইতেছি।'' এই কথা বলিয়া ইন্দ্র মরুদ্‌গণকে নিজ বিমানে আরোহণ করাইয়া স্বর্গে লইয়া গেলেন। তখন হইতে মরুদ্‌গণ যজ্ঞভাগভোজী হইয়া দেবগণের অন্তর্ভুক্ত হইলেন।

ভাগবতে আছে, ইন্দ্র যখন দিতির উদরে প্রবেশকরতঃ গর্ভকে ছিন্ন করিতেছিলেন, তখন ছিন্নমান খণ্ডাংশগুলি এক একটি পূর্ণাঙ্গ বালকের ন্যায় রোদন করিতে করিতে বলিতেছিল, ''হে ইন্দ্র, আমরা তোমার ভ্রাতা, তুমি কেন আমাদের বধ করিতে ইচ্ছুক?'' তখন বিস্মিত হইয়া ইন্দ্র প্রকৃত সত্য বুঝিতে পারিলেন এবং উহাদিগকে বলিলেন, ''ভীত হইও না। তোমরা আমার ভ্রাতা, তোমাদিগকে আমি আমার পার্ষদ করিয়া লইব।'' ইন্দ্রের বজ্রদ্বারা আহত হইয়াও ঊনপঞ্চাশ ভাগে বিভক্ত গর্ভ বিনষ্ট হইল না বরঞ্চ প্রত্যেক অংশপূর্ণাঙ্গ বালক হইয়া গর্ভ হইতে নিষ্ক্রান্ত হইল। দিতি নিদ্রা হইতে উত্থিত হইয়া অগ্নির মত প্রভাসম্পন্ন সেই ঊনপঞ্চাশ জন পিণ্ডকে দেখিয়া আশ্চর্য্য হইলেন এবং কাছেই ইন্দ্রকে দেখিতে পাইয়া তখন সেই বালকগুলির পরিচয় জিজ্ঞাসা করিলেন। ইন্দ্র তখন দিতিকে সমগ্র বৃত্তান্ত বলিয়া ক্ষমা প্রার্থনা করেন। দিতি তখন বলিলেন,''আমারই কর্মদোষে আমার গর্ভ বিফল হইয়াছে, তার জন্যে আমি তোমাকে শাপ দিব না, কিন্তু তুমি আমার সন্তানগণের মঙ্গল বিধান কর। আমার পুত্রগণের জন্য নভোমণ্ডলে বাতস্কন্ধ নামক সাতটি স্থান কল্পিত হউক। তাহারা যথাক্রমে আবহ নামক পৃথিবীস্থ প্রথম স্কন্ধ, প্রবহ নামক মেঘ হইতে সূর্য্যমণ্ডল পর্য্যন্ত বিস্তৃত দ্বিতীয় স্কন্ধ, উদ্বহ নামক সূর্য্যের ঊর্ধ্বে চন্দ্রমণ্ডল পর্য্যন্ত বিস্তৃত তৃতীয় স্কন্ধ, সুবহ নামক চন্দ্র হইতে নক্ষত্রমণ্ডল পর্য্যন্ত বিস্তৃত চতুর্থ স্কন্ধ, বিবহ নামক গ্রহমণ্ডল পর্য্যন্ত বিস্তৃত পঞ্চম স্কন্ধ; পরাবহ নামক সপ্তর্ষি মণ্ডলাবধি ষষ্ঠ স্কন্ধ; পরিবহ নামক সপ্তর্ষি মণ্ডল হইতে ধ্রুব নক্ষত্র পর্য্যন্ত বিস্তৃত বায়ুস্কন্ধে বিচরণ করুক। তোমারই কর্মানুসারে তাঁহারা 'মরুৎ' নামে কথিত হউক।'' ইন্দ্র বলিলেন, ''আপনার প্রার্থনা পূর্ণ হইবে। উপরন্তু আপনার সন্তানেরা দেব সদৃশ হইয়া দেবগণসহ যজ্ঞভাগভোজী হইবে। এই জন্যই মুরৎগণ দিতি পুত্র হইয়াও দেবত্ব ও অমরত্ব প্রাপ্ত হইয়াছেন। ইন্দ্র মরুৎগণকে সাতটি গণে বিভক্ত করেন। বিভিন্ন পুরাণে ঐ সাতটি গণের অন্তর্গত মরুৎগণের নাম ভিন্ন ভিন্ন দেখা যায়। এখানে বায়ুপুরাণ মতে মরুৎগণের নাম

দেওয়া হইল, যথা —সত্ত্বজ্যোতি, আদিত্য, সত্যজ্যোতি, তির্য্যগজ্যোতি, সজ্যোতি, জ্যোতিস্মান ও হারিত, ইহারা প্রথম গণের অন্তর্ভুক্ত। ঋতজিৎ, সত্যজিৎ, সুষেণ, সেনজিৎ, সত্যমিত্র, অভিমিত্র ও হরিমিত্র ইহারা দ্বিতীয়গণ। এইভাবে নিম্নলিখিত অন্যান্য মরুৎগণের প্রতি সাতটিতে একটি গণ। তাঁহাদের নাম যথাক্রমে — কৃত, সত্য, ধ্রুব, ধর্ত্তা, বিধর্ত্তা, বিধারয়, ধ্বান্ত, ধুনি, উগ্র, ভীম, অভিয়ু, সাক্ষিপ, ঈদৃক্ অন্যাদৃক্, যাদৃক্, প্রতিকৃৎ, ঋক্ সমিতি, সংরম্ভ, ঈদৃক্ষ, পুরুষ, অন্যাদৃক্ষ, চেতস, সমিতা, সমিদৃক্ষ, প্রতিদৃক্ষ, মরুতি, সরত, দেব, দিশ, যজুঃ, অনুদৃক্, সাম, মানুষ ও বিশ।

স্কন্দ পুরাণের নাগখণ্ডে আছে যে দেবাসুর সংগ্রামে ইন্দ্র দৈত্যগণকে (দিতি তনয়গণকে) বধ করিলে দিতি শোকাকুলা হইয়া সহস্র বৎসর শক্র-সমুদ্ভব তীর্থে তপস্যা করেন। তাঁহার তপস্যায় সন্তুষ্ট হইয়া মহেশ্বর তাহাকে বর প্রার্থনা করিতে বলেন। তখন দিতি তাঁহার নিকট দেব-দর্পনাশন, যজ্ঞভাগভোক্তা, বলবান পুত্র প্রার্থনা করেন। মহেশ্বর সেই বরদান করিলে পরে দিতি কশ্যপের ঔরসে পুনঃ গর্ভ ধারণ করেন, যার ফলে 'মরুদ্‌গণ' জন্মগ্রহণ করেন।

যৌগিক ব্যাখ্যা — ''মরিচী'' (ম + ইচি) শব্দের অর্থ (ব্রহ্ম) 'প্রকাশের কিরণ' অথবা 'প্রকাশের কণা' অর্থাৎ ব্রহ্মাণু। 'কশ্যপ' (কশ্য + পা + ক) অর্থাৎ 'কশ্য' অর্থে সুদৃঢ়; যিনি সর্বপ্রকার অবস্থায় দৃঢ়তাপ্রাপ্ত হইয়াছেন তিনিই 'কশ্যপ' পদবাচ্য। 'অদিতি' (দো + ক্তিন্) অর্থাৎ, পৃথিবী এবং বাণী; অর্থাৎ বাণীরূপা নাদধ্বনি হইতে পৃথিবীর সৃষ্টি হইয়াছে। নাদধ্বনি জ্যোতির্ময় শব্দ বিশেষ; অতএব নাদালোক হইতেই সৃষ্টিতে দেবতারা সৃজন হইয়াছেন। তাই 'অদিতি' হইলেন নাদময়ী শক্তির প্রতিমূর্তি। অতএব 'অদিতি' সত্ত্বগুণাত্মক শক্তি। 'দিতি' (দো + ক্তিন্) অর্থে বিভক্ত করা এবং উদারতা বোঝায়। যিনি উদার চিত্তে সৃষ্টি মধ্যে প্রকৃতির সর্বক্ষেত্রে নিজেকে বিভক্ত করিলেন এবং বিলিয়ে দিলেন, তিনি হইলেন 'দিতি'। অতএব 'দিতি' রজোগুণাত্মক শক্তি। মরুৎ (মৃ + উতি) অর্থাৎ, 'মরুৎ' শব্দের অর্থ বায়ু। বায়ুর দেবতা সমূহকে মরুৎগণ বলে।

'মরিচী'রূপী স্বপ্রকাশব্রহ্মের কিরণ স্বরূপ ব্রহ্ম কণ হইতে বিশুদ্ধ সত্তা সুদৃঢ় আধার সম্পন্ন 'কশ্যপ' উদ্ভুত হইলেন। কশ্যপের প্রথম স্ত্রী বিশুদ্ধ সত্ত্বগুণ প্রধান পৃথ্বীরূপী আধার সম্পন্ন নাদময়ী শক্তির বাণীরূপা প্রতিমূর্তি 'অদিতি' হইতে দেবতাগণ জন্মগ্রহণ করিলেন সৃষ্টির বক্ষে। কশ্যপের অন্য স্ত্রী বিশুদ্ধ রজোগুণ প্রধান উদার স্বভাব বিভাজন শক্তি হইতে জন্মগ্রহণ করে দানবগণ এবং দৈত্যগণ আর বিবিধ শ্রেণীর প্রাণী এই ব্রহ্মাণ্ডে সর্বলোকে সর্বস্তরে সর্বক্ষেত্রে।

দেবতাগণের শ্রেষ্ঠ অদিতির পুত্র বীর্য্যশালী ইন্দ্র অর্থাৎ আমাদের দেহাভ্যন্তরস্থ সর্বেন্দ্রিয়ের অধিপতি এই 'ইন্দ্র'। আর বিদ্যা-অবিদ্যা রূপী দেবাসুর সংগ্রামে ইন্দ্ররূপী মন বা চিত্ত আত্মসারূপ্যে অবস্থান করতঃ বিশোকা জ্যোতির প্রজ্ঞার প্রভাবে রজোগুণাত্মক দানব ও দৈত্যসদৃশ রিপুগণকে দমন ও বধ করিলেন এবং স্বর্গের অধিপতি দেবরাজ রূপে পরিগণ্য ও মান্য হইলেন সারা নিখিল বিশ্বে। ইহাতে দিতিরূপী মাতার হৃদয় বিদীর্ণ হইল মায়িক শোকে; অর্থাৎ, দেহাভ্যন্তরে রিপুগণ, ইন্দ্রিয়গণ প্রথমাবস্থায় যখন শমিত ও দমিত হইয়া আসিলে পরে তখন এক উদার হতাশা ভাব চিত্তে উত্থিত হয় এবং প্রজ্ঞালোকের প্রকাশে সেই শোক অপসারিত হইয়া পুনঃ আরও গভীর উপলব্ধির জন্যে তপস্যা করিবার ইচ্ছা মনে জাগ্রত হয়। তখন সাধক হৃদয়ে শুরু হয় পূর্ণতালাভের জন্যে সচেষ্ট হওয়ার আকাঙ্ক্ষা। তাই ইন্দ্রকেও জয় করিতে হইবে ধ্যান এবং সমাধির মাধ্যমে। উদার মনোভাব লইয়া প্রজ্ঞালোকে তখন সবকিছুর মধ্যেই সাধক নিজেকে ছড়াইয়া দিতে পারেন এবং উপলব্ধি করেন যে প্রতিটি প্রাণীর মধ্যেই সেই আত্মবিন্দুরূপী ব্রহ্মকণের প্রকাশ রহিয়াছে। এ অবস্থা প্রগাঢ় হইলে পরে শিবরূপী আত্মগুরুর কৃপায় তখন মহাদেব দিতিকে বরদান করেন যে দেবদর্প বিনাশন যজ্ঞভাগ ভোক্তা বলবান পুত্র প্রাপ্তি হইবে। অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ মরুৎ, ব্যোম ও মন এই ষষ্ঠ প্রকৃতি জয়ী বলশালী বায়ুরূপী তেজসম্পন্ন মরুৎদেবগণ সমুদ্ভূত হইলেন দিতির গর্ভে। ইন্দ্ররূপী মন উহাকে বধ করিতে চাহিলেও পারিলেন না কারণ উহারা কশ্যপ দ্বারা কৃত যজ্ঞে ব্রহ্মার বরে অবধ্য ছিলেন। অর্থাৎ, ইন্দ্র হইলেন দেবতা কিন্তু প্রাণবায়ু হইল পরাসম্বিতের স্পন্দন মিশ্রিত বায়বীয় আকার বিশেষ যাহা 'দেব' অংশ সম্ভূত; তাই মরুৎগণ দেব হওয়ায় অবধ্য, তাঁহারা ঈশ্বরকোটীর জীব, যেক্ষেত্রে ইন্দ্র দেবতা হইলেও কার্য্যতঃ তাঁহার গতি জীবকোটীর মধ্যেই আবদ্ধ। অতএব প্রথমে ইন্দ্রদ্বারা সপ্তভাগে ভাগ হইয়া এবং পরে এক একটি অংশে সপ্তধারায় বিভক্ত হইয়া মোট ৪৯ বায়ুরূপে প্রধান ঊনপঞ্চাশ নাড়ী মধ্যে বায়ুশক্তিরূপে প্রবাহিত হন মানব শরীরে; এই প্রকারে ৪৯ নাড়ী উৎসারিত হইল নাভিপদ্ম হইতে এবং সমগ্র দেহের কার্য্যকারিতায় মরুৎগণরূপে বিস্তৃতিলাভ করিলেন।

এই সকল 'মরুৎগণ' হইলেন আমাদের দেহাভ্যন্তরস্থ ৪৯ নাড়ী মধ্যে বায়ুরূপী দেবতা বা ঈশ্বর। এই মরুদ্‌গণ হইলেন সুষুম্নার অন্তর্গত নাড়ী সমূহাদি।

ঐ ৪৯ মরুৎগণের আবাস স্থল সপ্ত বাতস্কন্ধে অর্থাৎ বিভিন্ন স্তরের আকাশ মণ্ডলে এই ব্রহ্মাণ্ডের বায়বীয় স্তরে যে গুলিকে 'মরুৎলোক' বলিয়া উল্লেখ করা হয়। এই সাত বাতস্কন্ধের প্রথম আবহ, নাভি হইতে নিম্নে পৃথ্বী মণ্ডলের আকাশে অবস্থান করে; অর্থাৎ, নাভি মণ্ডল হইতে কিছু নাড়ী নিম্নে মূলাধার পর্য্যন্ত অবতরিত হইয়াছে এবং পরে স্বাধিষ্ঠান চক্রে যেমন, দ্বিতীয় বাতস্কন্ধ প্রবহ, ভুবর্লোকের বা দ্যুলোক হইতে অর্থাৎ স্বাধিষ্ঠানের পুনঃ ঊর্দ্ধে নাভিতে মণিপুরে সূর্য্যমণ্ডল পর্য্যন্ত আরোহিত হইয়া বিস্তৃত রহিয়াছে। এইখানে বায়ুর যে ক্রীড়া হয় তাহা ব্রহ্মদেবরূপী ব্রহ্মাকে অর্পণ করা হয়। আর মূলাধারে প্রাণ-অপানের প্রাণযজ্ঞ হয়। তৃতীয় বাতস্কন্ধ উদ্বহ সূর্য্য বা তেজ মণ্ডল হইতে আরও ঊর্দ্ধে চন্দ্রমণ্ডল পর্য্যন্ত বিস্তৃত এবং এইভাবে নাভি হইতে নাড়ী সমূহাদি বিভিন্ন স্তরে গমন করিয়াছে ও চন্দ্রমণ্ডল পর্যন্ত বিস্তৃত। বাতস্কন্ধ মধ্যে বায়বীয় স্তরে 'মরুৎলোক' উদ্ভাসিত হইয়া রহিয়াছে যাহা হইল মরুৎদেবগণের আবাসভূমি। অর্থাৎ, নাড়ী সমূহাদি বিশুদ্ধ চক্র অতিক্রম করতঃ আজ্ঞার পথে মস্তকগ্রন্থি বা ললনা চক্রে আসিয়া একত্রে গ্রথিত হইয়াছে। তন্মধ্যে কোন কোন বিশেষ নাড়ী আজ্ঞা অতিক্রম করিয়া আরও উপরে সহস্রার পর্য্যন্ত আরোহিত হইয়াছে। ললনাচক্রের ৪৯ দল; ঐ ৪৯ দলেই ৪৯ মরুৎগণের কর্মের কেন্দ্র বা দরবার বা সিংহাসন। সেখান থেকেই মনের বিস্তৃতি। ইহারা ললনাচক্র স্থলে সোম মণ্ডল ও সপ্তর্ষি মণ্ডল থেকে ধ্রুব নক্ষত্র পর্য্যন্ত ব্যাপৃত রহিয়াছে। কূটস্থে সুষুম্না মধ্যস্থিত ব্রহ্মনাড়ী রূপী ব্রহ্ম বিন্দুই হইল ধ্রুবপদ বা ধ্রুব নক্ষত্র। অর্থাৎ ব্যোমতত্ত্বের ব্যাপৃতিতে মনের অন্তিম সীমার পরে চিত্ত মাঝে ধ্রুবপদ পর্য্যন্ত যে সাধক যোগী আপন চেতনাকে বিস্তৃত করিতে সক্ষম তিনি সম্বোধি প্রাপ্ত যোগী হন। ঋক্‌বেদে মরুৎগণের পরিচয় —

এতদ্ভিন্ন ঋক্‌বেদেও মরুৎগণের উল্লেখ পাওয়া যায়। ঋক্‌বেদে মরুদ্‌গণের সংখ্যা সপ্ত। এই সংখ্যা উল্লেখের সময় সপ্তমে সপ্ত অর্থাৎ সাত-সাত জন মরুতের উল্লেখ থাকায় পুরাণে ৪৯ জন মরুৎ হইয়াছেন। আবার ঋক্‌বেদের একস্থলে ৬৩ জন মরুতের উল্লেখও রহিয়াছে। মরুৎগণ ঋক্‌বেদের অন্যতম প্রধান দেবতা। তাঁহারা ৩৩ টি সূক্তে স্তুত হইয়াছেন। অন্য দেবতা ইন্দ্র, অগ্নি ও পূষার সঙ্গে আরো ৯টি সূক্তে এঁদের স্তুতি আছে। মরুদ্‌গণের পিতা মাতা রুদ্র ও পৃশ্নি (সম্ভবতঃ বিচিত্রবর্ণ মেঘ)। পৃথিবী ও সমুদ্রের এবং রুদ্রের পুত্র বলে এঁরা 'রুদ্র' নামে অভিহিত হইয়াছেন। এঁরা সকলেই সমবয়সী এবং এঁরা দেবী রোদসীকে (রোদসী অর্থে আকাশ, বিদ্যুৎ) বিদুন্ময় রথে বহন করেন। রোদসী মরুদ্‌গণের স্ত্রী। মরুদ্‌গণ ইন্দ্র পত্নী ইন্দ্রাণীর সহায়ক ও বন্ধু এবং সরস্বতীর সখা। এঁরা বসুগণের সহিত এক রথে ভ্রমণ করেন।

মরুদ্‌গণের উজ্জ্বল জ্যোতির্ময়, বিদ্যুৎ বিজড়িত দেহ। এঁদের পিতা রুদ্রের মত এঁদের হস্তে কুঠার ও ধনুর্বাণ রহিয়াছে। এঁরা বৃষভের মত গর্জন করায় পৃথিবী কম্পিত হয়, বৃক্ষ উৎপাটিত হয়, বন বিমর্দিত হয়। মরুৎগণের প্রধান কাজ সূর্য্যের চক্ষুকে আবৃত করিয়া রাখা। মরুদ্‌গণ ইন্দ্রের সখা ও অনুচর। ইঁহারা সঙ্গীত ও স্তুতিদ্বারা ইন্দ্রের বল বৃদ্ধি করেন। ইন্দ্র তাঁহার সকল কার্য্য এই মরুদ্‌গণের সাহায্যেই করিয়া থাকেন। (*বিভিন্ন পুরাণাদি হইতে সংগৃহীত*)

—(*যৌগিক ব্যাখ্যা*) **শ্রীশ্রীমা সর্বাণী**

কৃষ্ণ কথা

মুরু বধ

শ্রীশ্রীমা সর্বাণী

'মুরু' নামে এক ভীষণ রাক্ষস ছিল। ইহার সাত হাজার পুত্র ছিল। প্রাক্‌জ্যোতিষের রাক্ষস রাজ 'নরক' ইহার মিত্র ছিল। এই নরক রাক্ষস তাহার বন্ধু মুরুর রাজধানী শ্রীকৃষ্ণের আক্রমণ হইতে রক্ষা করিবার জন্যে মুরুকে সাহায্য করিয়াছিল। নরক তাহার এই রাক্ষস সহচরের চারিদিকের সীমা তরোয়ালের মত তীক্ষ্ণ দড়ি দিয়া জড়াইয়া রাখে; কিন্তু শ্রীকৃষ্ণ আক্রমণ করিলে চক্র দ্বারা সমস্তই টুকরো টুকরো করিয়া কাটিয়া ফেলেন এবং মুরুর সাত হাজার পুত্রকে পতঙ্গের মত অগ্নিতে দগ্ধ করেন। তারপরে শ্রীকৃষ্ণ মুরুকেও বধ করেন। এই কারণে শ্রীকৃষ্ণের এক নাম 'মুরারি'। মুরু রাক্ষস পঞ্চমস্তক বিশিষ্ট ছিলেন।

(*ভাগবত পুরাণ হইতে সংগৃহীত*)

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীশ্রীসর্বাণীমাকে বিশেষ অনুরোধ, উনি যদি ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর আলোকপাত ও ব্যাখ্যা 'হিরণ্যগর্ভ' পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশ করেন তা হলে একটা অমূল্য সম্পদ হয়ে থাকবে। পরে তা পুস্তকে রূপ দেওয়া যেতে পারে। **—বিজন কুমার সেনগুপ্ত**

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গে:—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

১। পত্র (২) - ''শ্রীশ্রীগুরুদেব আপনাকে (শ্রীঅক্ষয় দত্তগুপ্তকে) কিছু যোগসিদ্ধির পথে কার্য্য দিবেন।'' এই যোগসিদ্ধির পথ কি?

উত্তর — আত্মজ্ঞান অর্থাৎ স্বরূপ উপলব্ধি প্রত্যক্ষভাবে করিতে হইলে সহস্রার উপরি ব্যোম মণ্ডলে যে ভর্গজ্যোতিরূপ সৌরমণ্ডল রহিয়াছে, সেই সৌর-মণ্ডলের আশ্রয় গ্রহণ অর্থাৎ সৌরতত্ত্বের জ্ঞানকে অবলম্বন করিয়া করিতে হইবে। সহস্রার উপরিভাগে পরমব্যোমস্থিত সৌরমণ্ডল হইতে যে সকল রশ্মি অবতরণ করতঃ দেহাভ্যন্তরস্থ নাড়ীজাল সৃজন করিয়াছে এবং সহস্রারে অক্ষরবিন্দু সমন্বয়ে গ্রথিত সূর্য্যরশ্মি নিম্নে বিভিন্ন স্তর অবলম্বন করিয়া, বিভিন্ন স্তরের চক্রমধ্যে গ্রথিত হইয়াছে অক্ষর বিন্দু সমন্বয়ে — এইরূপ সৌররশ্মি সমন্বিত নাড়ী জ্ঞানকেই যোগসিদ্ধির পথ বলা হইয়া থাকে। ইহা ভিন্ন হৃদয় প্রদেশ এবং নাভি এবং ঊননাভি স্থল — এই কয়টি সৌর রশ্মি সমন্বিত নাড়ী চেতনার অন্যতম প্রধান কেন্দ্রস্থল, যা স্থূল, সূক্ষ্ম ও কারণ দেহকে সঞ্চালিত করে।

'বিজ্ঞান' শব্দের অর্থ 'বিশিষ্ট জ্ঞান'। সৃষ্টির বক্ষে চৈতন্যের দুই রূপ প্রকাশ —যথা— জড় ও চেতন। উভয়ই বিজ্ঞানের বিষয়। সূর্য্যরূপী প্রাণ ইহার কেন্দ্রস্বরূপ প্রধান আশ্রয়, তাই ইহাকে সূর্য্য-বিজ্ঞান বলা হইয়া থাকে। বিজ্ঞানের প্রকৃত স্বরূপ কি, কি প্রকারে বা উপায়ে তাহা কার্য্যক্ষেত্রে আয়ত্ত করিতে হয়, তাহা যিনি বিশেষভাবে অনুসন্ধান করেন, তাহাকে 'যোগবিদ্' বলা হয়। যিনি এই ব্রহ্ম-বিজ্ঞান রূপ যোগ সাধনা করেন তিনি জানেন যে সূর্য্যই সকল প্রকার বিজ্ঞানের মূল স্তম্ভ। সৃষ্টি, স্থিতি ও সংহার — সবই সূর্য্যাধীন। ইচ্ছাশক্তি, জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তির প্রসার সৌরমণ্ডল হইতেই হইতেছে। শুধু তাহাই নহে দেহাভ্যন্তরস্থ সকল নাড়ীগুলির মধ্যে বায়ুরূপী প্রাণ প্রবাহের জন্যে ঐ সৌরশক্তিই কারণ। দেহাভ্যন্তরস্থ বিভিন্ন নাড়ীর মধ্যে বিভিন্ন প্রকার প্রাণবায়ুর ক্রীড়া ও কার্য্য-কারিতা যেমন যেমন হয়, বিশেষ কৌশলে প্রাণায়ামের ফলে সেই সকল নাড়ীগুলির শুদ্ধিকরণের ফলে তখন বিভিন্ন প্রকার যোগসিদ্ধিরূপী বিভূতির প্রকাশ হয় যোগী-সত্তায়। এই সকল যোগসিদ্ধির পথে চলিতে হইলে ব্রহ্ম-বিজ্ঞান ভিত্তিক প্রাণসাধনারূপী ব্রহ্মবিদ্যার কৌশল, যা সদ্‌গুরু বক্ত্রগম্য, সাধন করিতে হয়। ব্রহ্মবিদ্যার কৌশল সাধনাই হইল যোগসিদ্ধি পথের কার্য্য। আর 'যোগসিদ্ধির পথ' হইল ব্রহ্মবিদ্যার কৌশল সাধন; ব্রহ্মবিদ্যা প্রাণবিদ্যা চিন্ময় বিশুদ্ধ বিজ্ঞান তত্ত্ব সাধন - যা হলো সৌর বিজ্ঞানের অন্তর্গত। ডঃ গোপীনাথ কবিরাজ মহাশয় বলিয়াছেন - ''সূর্য্য বিজ্ঞান আয়ত্ত হইলে অন্যান্য বিজ্ঞান - যাহা উহারই অঙ্গমাত্র - সহজেই আয়ত্ত হয়। যোগশাস্ত্রে সর্বজ্ঞাতৃত্ব এবং সর্বভাবাধিষ্ঠাতৃত্ব নামক বিশিষ্ট সিদ্ধি যেমন যাবতীয় খণ্ড সিদ্ধির চরম উৎকর্ষ, বিজ্ঞান রাজ্যে সৌর বিজ্ঞানেরও তদ্রূপ প্রাধান্য লক্ষিত হয়। চন্দ্র বিজ্ঞান, নক্ষত্র বিজ্ঞান, বায়ু বিজ্ঞান, স্বর বিজ্ঞান, দেব বিজ্ঞান প্রভৃতি সবই সৌর বিজ্ঞানের অন্তর্গত খণ্ড বিজ্ঞান বিশেষ।'' — এক্ষেত্রে বলা বাহুল্য যে নাড়ী বিজ্ঞান সমন্বয়ে আত্মজ্ঞানরূপী যোগ ও বিজ্ঞান হলো একটি অখণ্ড মহাবিজ্ঞানের পর্য্যায় অখণ্ড জ্ঞান সম্বলিত যোগসিদ্ধির পরম পথ। যোগের গতিপথে ১০৮ প্রকার পর্য্যায় আছে জ্ঞানপীঠের যোগ সাধনায়।

—যোগ প্রসঙ্গের ব্যাখ্যা

শ্রীশ্রীমা সর্বাণী

যৌগিক চেতনায় শ্রীশ্রীচণ্ডীতত্ত্ব

একবিংশ পর্য্যায়—

ব্রহ্মোবাচ —

শ্লোক :— *ত্বং স্বাহা ত্বং স্বধা ত্বং হি বষট্‌কারঃ স্বরাত্মিকা,*
সুধা ত্বমক্ষরে নিত্যে ত্রিধামাত্রাত্মিকা স্থিতা।।৫২
অর্দ্ধমাত্রাস্থিতা নিত্যা যানুচ্চার্য্যা বিশেষতঃ।
ত্বমেব সা ত্বং সাবিত্রী ত্বং দেবী জননী পরাঃ।।৫৩

শব্দার্থ :— স্বাহা - যজ্ঞে আহুতিদান মন্ত্র; স্বধা - পিতৃদান মন্ত্র; বষট্‌কার - পূজা হোম জপ ইত্যাদি দেবকার্য্য এবং শ্রাদ্ধ তর্পণাদি পিতৃকার্য্যে ব্যবহৃত মন্ত্র; স্বরাত্মিকা - উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত নামক স্বর রূপিণী; ত্রিধামাত্রাত্মিকা - তিন মাত্রা বিশিষ্টা; অর্দ্ধমাত্রা - তুরীয়া বা নির্গুণা রূপে; অনুচ্চার্য্যা - যা উচ্চারণ করা যায় না; জননীপরা - পরম বিশুদ্ধা (পরা) জননী।

বাংলা শ্লোকার্থ :— ব্রহ্মা স্তব করছেন, ''হে মা! তুমি স্বাহা (যজ্ঞে দেবগণকে ঘৃতাহুতির মন্ত্র), তুমি স্বধা (পিতৃলোকের উদ্দেশ্যে দ্রব্যদানের মন্ত্র), এবং তুমিই বষট্‌কার (দেবগণের আবাহনের মন্ত্র) স্বরূপা। তুমিই স্বরাত্মিকা স্বরূপা অমৃতরূপা এবং ত্রিমাত্রা স্বরূপে (অ-উ-ম) অবস্থিতা প্রণবরূপা। অর্দ্ধমাত্রা রূপে তুমি নিত্যা নির্গুণা।''

যৌগিক ব্যাখ্যা :— সাধকের ব্রহ্মারূপী মন আসন্ন বিপদ থেকে পরিত্রাণ পাবার উদ্দেশ্যে মধু কৈটভ অসুরদ্বয়কে বিনাশ করার জন্য মহামায়ার দৃষ্টি আকর্ষণ করে যে স্তব স্তুতি করে, তার মধ্যে আদ্যাশক্তির গৌরবময় পরিচয় পাওয়া যায়। দেবতা ও পিতৃপুরুষের উদ্দেশ্যে স্বাহা, স্বধা, বষট্‌কারাদি মন্ত্রের উচ্চারণে যে পূজা, দান, আবাহন, ব্রত সম্পন্ন হয়, তাতে জগদম্বার মহিমা পরিস্ফুট হয়। সেই সঙ্গে এই সমস্ত কর্ম সম্পাদনের ফলস্বরূপ যে দিব্যজ্ঞান লাভ হয়, তার মধ্যে অমৃতময়ী মায়ের করুণা নিহিত । আবার সকল মন্ত্রের উৎস স্বরূপ যে ওঙ্কার, যা ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর রূপে জগতে বিদিত, সেই তিন মাত্রার মধ্যেও মহামায়ার আদি চৈতন্য শক্তি বিরাজিত। মা! তুমি অর্দ্ধমাত্রা (মা স্বরার্ধ মাত্রা স্বরূপিণী নির্গুণা তাই তাঁকে বাক্যে প্রকাশ করা যায় না); স্বরবর্ণের সাহায্য ব্যতিরেকে যা প্রকাশ করা যায় না সেই ব্যঞ্জনবর্ণ তুমিই। স্বরবর্ণের সহায়তায় ব্যঞ্জনবর্ণ উচ্চারিত ও প্রকাশিত হয়। যোগীর ভাবনায় এইভাবে স্বর অর্থাৎ নাদরূপ সগুণ ও নির্গুণ ব্রহ্মরূপে প্রকাশ পান। ওঙ্কারের মস্তকে এই অর্দ্ধমাত্রারূপী চন্দ্র-বিন্দু, নাদ ও বিন্দু রূপে প্রকাশিত। তোমার অবস্থিতি আছে, বিস্তৃতি নাই — বিন্দু স্বরূপা। তুমি সাবিত্রী অর্থাৎ গায়ত্রী স্বরূপা। ত্রিমাত্রারূপে তুমি একদিকে জগৎ জননী, অর্দ্ধমাত্রারূপে তুমিই পরাজননী, তুমিই সর্বোত্তমা শক্তিরূপে দেবগণের আদি জননী।

বাস্তবে তাই প্রত্যেক সৃষ্ট পদার্থের উৎপত্তি, স্থিতি ও বিনাশ জনিত এই ত্রয়ী শক্তির মধ্যে দেবী মহামায়ার অদ্বৈত সত্তা স্বরূপ পরমাত্মরূপী চৈতন্যের নিত্য প্রবাহ কাজ করে চলেছে তা প্রকৃত যোগীকে অনুধাবন করতে হবে।

শ্লোক :— *ত্বয়ৈব ধার্য্যতে বিশ্বং ত্বয়ৈতৎ সৃজ্যতে জগৎ।*
ত্বয়ৈতৎ পাল্যতে দেবী ত্বমৎস্যন্তে চ সর্ব্বদা।।৫৪

শব্দার্থ :— ত্বয়ৈতৎ সৃজ্যতে - তুমি ইহা সৃষ্টি কর, ত্বমৎস্যন্তে - তুমি অন্তে বা প্রলয়কালে ভক্ষণ কর।

বাংলা শ্লোকার্থ :— হে দেবী! তুমিই এ জগৎ ধারণ করে রেখেছো। তুমিই ইহাকে সৃষ্টি করেছো। তুমি ইহাকে পালন করছো এবং প্রলয়কালে সর্বদাই তুমি ইহা বিনাশ করছো।

যৌগিক ব্যাখ্যা :— মা! তুমিই বীজরূপে বিশ্বকে গর্ভে ধারণ, প্রসব এবং প্রতিপালন করে প্রলয় কালে লয় করছো। যোগীর মন আধ্যাত্ম চেতনায় অনুধাবন করে, সগুণ ব্রহ্মই এই জগৎ সৃজন, পালন ও সংহার ক্রিয়ার মাধ্যমে তাঁর নিত্য লীলাময়ী ভূমিকা পালন করে চলেছেন। তিনি সৃষ্টি স্থিতি প্রলয়ের চক্রবৎ আবর্তন ক্রিয়ার মাধ্যমে সন্তান স্নেহে জীবকে উত্তরোত্তর পরিশুদ্ধ করে তাকে দেবত্বে উন্নীত করে আপন সত্ত্বায় সংলীন করেন। ইহাই জগৎজননী মহামায়ার চিরন্তন দিব্যলীলা। *.....ক্রমশঃ*

—অধ্যাপক শ্রীহরপ্রসাদ রায় (অবসরপ্রাপ্ত)
বহরমপুর কলেজ, মুর্শিদাবাদ

নিত্যসিদ্ধ মহাত্মার দিব্যদর্শনে—শ্রীরামকৃষ্ণ লীলা

শ্রীবিষ্ণুপদ সিদ্ধান্ত ঠাকুর

(২৭)

নরেন - ''অনেক দিন হল আপনার মুখ থেকে মহাবিদ্যাদের কথা শুনিনি, দ্বিতীয় মহাবিদ্যা মা তারার সম্বন্ধে কিছু কিছু শুনেছি, আজ যদি সুবিধা হয় তৃতীয় মহাবিদ্যার কথা কিছু বলুন''—

রামকৃষ্ণদেব হাসি মুখে উত্তর দিলেন—''এখনও একে চন্দ্র দুয়ে পক্ষ শিখলি না একেবারে তিন-এ নেত্রর কথা শিখবি? প্রথম মহাবিদ্যা কালীমাতার কথা না শুনে, মাথার কালি পায়ে গেলে যে শিব হয়ে যায়, তাও বুঝলি না, একেবারে গীতার কথা? মা চণ্ডীর কথা ফেলে দিয়ে একেবারে কৃষ্ণের কথা শোনা! কলিযুগে কালীর কথা বাদ দিয়ে কি কল্‌কি অবতারের কথা বলা যায়?''

নরেন —''আমার মুখ থেকে ওঁরই কথা এলো তাই বলে দিলুম—এবারে গুরু ইচ্ছা, তাঁর মুখ থেকে যা কথা বেরোয় তাই শুনবো। তবে মা চণ্ডীর কথা বা কালীমায়ের কথা শুনতে বা তাঁদের দর্শন করতে ভয় হয়, সেই জন্যই হয়তো কঠিন ছেড়ে কোমলে আসতে ইচ্ছা করছে। যদিও বুঝি — 'জানি আমার কঠিন হৃদয়; চরণ দেবার যোগ্য সে নয়'।''

রামকৃষ্ণদেব —''নরেন তোর, কথাগুলো বেশ মিষ্টি, অমনি মায়ের কথা, মা ভবতারিণী আর মা তারার কথাও অমনি মধুর। মায়ের বাইরের রূপ দেখে বোধহয় ভয় পাস্ মন্দিরের গাঁথা পাথরগুলোই দেখেছিস্, মায়ের ছবি বোধহয় দেখিস্‌নি, মায়ের হাতের খাঁড়া দিয়ে যে বাঁশী বাজে, আর চরণ নূপূরে যে আলোর রাশি গোপীকুল হয়ে নাচে—সে সব তোর তো জানা নেই, আর দেখাও নেই—তাই লাগে তোর ভয়—ওসব ভাবলে কি মায়ের দেখা হয়? আজ রাত্রে পারিস্ তো একবার আসিস্, মাকে বলে যদি তোর কানের মাঝে বাঁশীর ধ্বনি দিতে পারি।''

নরেন —''স্বপ্নের মাঝে কখনো কখনো আপনার রূপ দেখতে পাই। একদিন দেখি আপনিই আমার মাথার শিয়রে দাঁড়িয়ে মা কালী হয়ে হাসছেন, তাতে আমার ভয়ও হয় আবার আনন্দও আসে, আর সঙ্গে সঙ্গে এত চোখের জল পড়ে যে সারা রাত্রিই কেটে যায়—ভোরবেলাতে ভাবি, এত চোখের জল কোথা হতে আসে?''

রামকৃষ্ণদেব —''সব মানুষই এক একটি জলের কুঁজো জানবি, চোখ দুটো তার রাস্তা। খাবার জল যেমন কলসীতে থাকে দেবতার উদ্দেশ্যে যে সব জল দরকার, সে সব চোখের মধ্যে থাকে। মা ভবতারিণী তাই বলেন। 'যে দিন এলো চোখের জল; সেদিন পূজায় নবদূর্ব্বাশ্যামের দল'—চোখের জলে যাদের পূজা হয় সেদিন তাদের অঙ্গে আলোর রাশি নৃত্য করে চলে।

পুজোর কথা বলতে গিয়ে মায়ের কথা ভুলে গেলি? গঙ্গাজলে নেমে মা গঙ্গার পুজোই হল না? মা-ই সব ভুল করিয়ে দেন জানিস্?

কালীপুজোর একটি রাতের কথা শোন্—একদিন আরতি পূজার পর মা বললেন, 'আজ তোকে কলাবৌ সাজতে হবে—কলাবৌ সেজে লাল পেড়ে শাড়ী পরে তুই গঙ্গাস্নানে যাবি, গঙ্গাস্নানে যাবার সময় শুধু তোর পায়ের দিকে নজর রাখবি।' মা চলে গেলেন—রাত্রি ১১টা বেজে গেল—নিঝুম রাত্রি, মন্দিরে ঢুকে ভাবছি লাল পেড়ে শাড়ী কোথায় পাব? কলসীটা হাতে নিয়ে নিজের ধুতিটাকেই রাঙ্গাজবা দিয়ে রাঙ্গা পাড় করে নিয়ে বেরোতেই দেখি একটি কালো মেয়ে দরজার কাছে দাঁড়িয়ে বলছে—'এই নাও তোমর শাড়ী—মা পাঠিয়েছেন'।''

...ক্রমশঃ

অখণ্ড মহাসত্তা হইতে খণ্ড খণ্ড জ্যোতির্বিন্দুসম অজস্র স্ফুলিঙ্গ ঠিকরাইয়া সৃষ্টির বুকে মহাকাশ মণ্ডলে পড়িতে থাকে। সেই এক একটি জ্যোতির্বিন্দুই 'অণুপরমানু' যাহা শুদ্ধ সৎ। ইহার পর সৎ + অণুপরমানু দল মহাচৈতন্য সাগরের বুকে ক্রমশঃ চিৎযুক্ত হইয়া হয় 'চিদণু'। সেই চিদণু দল চৈতন্য সাগরে তরঙ্গায়িত লহরের মধ্যে অবগাহন করাকালীন আনন্দসত্তায় সংযুক্ত হয়। ইহার পরই সৃষ্টি হয় সচ্চিদানন্দ আনন্দময় আত্মসত্তা। এই অবস্থায় ভাব ও অভাবের বোধদয় ঘটে। তারপর সেই আত্মসত্তা মহাইচ্ছার কারণে বিষ্ণুনাভিতে পতিত হইয়া সৃষ্টির গণ্ডীতে মহাকালের ক্রমচক্রের মধ্যে প্রবিষ্ট হয়। সেই অবস্থায় আত্মসত্তা মাঝে সত্ত্ব-রজ-তম এই তিনগুণের বিকাশের ফলে দৃশ্যমান স্থূল ও সূক্ষ্ম জগৎ সত্তার চিদাকাশে প্রতিফলিত হয়। চিদণুরাজি খণ্ড বিখণ্ডিত আকার ধারণপূর্বক সৃষ্টিমধ্যে জড় ও চেতনরূপ অনন্ত পদার্থ সৃজনকারী, যাহাদের মূল উপাদান হইল পঞ্চতত্ত্ব অর্থাৎ ক্ষিতি, অপ, তেজ, মরুৎ ও ব্যোম। 'তারা' হইল খণ্ডকালশক্তিস্বরূপিণী বা শক্তি পরমাণু সদৃশ চিদণু, যাহা হইতে নিখিল রূপময় বিশ্বের জন্ম হইয়াছে পরবর্তী সৃষ্টিধারাগুলিতে।

— (শ্রীশ্রীমা সর্বাণী রচিত 'অধ্যাত্ম' পুস্তক হইতে উদ্ধৃত)

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৩১ : 'দীক্ষা' কথার তাৎপর্য্য কি?

উত্তর : বিশ্বসার তন্ত্রে আছে —

"দিব্যজ্ঞানং যতো দদাৎ কুর্য্যাৎ পাপক্ষয়ং ততঃ।
তস্মাদীক্ষেতি সা প্রোক্তা সর্ব্ব তন্ত্রস্য সম্মতা।।" —

অর্থাৎ, যাহা দিব্যজ্ঞান প্রদান এবং পাপ নষ্ট করে তাহাকে ব্রহ্মতন্ত্রবিদ্‌গণ দীক্ষা বলিয়া কীর্তন করিয়া থাকেন। আর বেদান্ত বলেছেন, *"আচার্য্য চৈত্ত্যবপুষা সগতিং ব্যনক্তি।"* — অর্থাৎ আচার্য্যরূপে বা সদ্‌গুরুরূপে ভগবান নিজ গতি প্রকাশ করিয়া থাকেন। সর্বান্তর্য্যামী ভগবান আচার্য্যের চিত্তে অবস্থান করে তত্ত্বজ্ঞান প্রকাশ পূর্বক শিষ্যের মুক্তি বিধান করিয়া থাকেন।

'দীক্ষা' শব্দের অন্য অর্থ ঈক্ষণ বা দর্শন দান করা; এক্ষেত্রে দর্শন অর্থে ব্রহ্মচৈতন্যের সগুণ প্রকাশ বা জ্যোতি দর্শনের কথাই বলা হয়েছে, যে জ্যোতি দর্শনের ফলে সাধকের কূটস্থরূপী বিশ্বযোনিতে বিশ্বের রূপ প্রকটিত হয়।

প্রশ্ন ৩২ : যোগীর পরিচয় কি? যোগ সাধনা করিয়া কি প্রকারে বুঝিতে পারা যায় যে 'যোগ' সম্যক সিদ্ধ হইয়াছে? সাধারণ লোক যোগীকে চিনিবে কি করিয়া?

উত্তর : প্রকৃত যোগী সর্বজ্ঞ ও সর্বশক্তিমান হন। যিনি অসম্ভবকেও সম্ভব করিতে পারেন তিনিই যোগী। একজন বিরাট সূফী মহাত্মাকে (আবদুল কাদির জিলানীকে) বলা হইয়াছিল —"জলের মধ্যে অগ্নি সংযোগ করুন তো।" তিনি জলের ভিতর আগুন জ্বালাইয়া দেখাইয়া দিয়াছিলেন। যোগীর নিকটে কিছুই অসম্ভব থাকিতে পারে না। যোগী মানুষ হন না যোগী ঈশ্বর হন; কারণ সর্বজ্ঞত্ব ও সর্বশক্তিমত্তা ঈশ্বরের ধর্ম, মানুষের ধর্ম নহে। অসম্ভবকে সম্ভব করাও মায়ার ব্যাপার; মায়া ঈশ্বরেরই অধীন শক্তি বিশেষ।

ঈশ্বরত্ব মানেই ঐশ্বর্য্যের বিকাশ; তা না হইলে মনুষ্য কদাপি যোগী পদবাচ্য হইতে পারেন না। ঈশ্বরই যোগী আর যোগীই ঈশ্বর। আত্মার স্বাভাবিক ঐশ্বর্য্য অবিদ্যার আবরণে আবৃত হইয়া পড়ে বলিয়া চিত্ত দর্পণে কামনা-বাসনার নিরন্তর তরঙ্গ উত্থিত হইতেছে। যোগবলে কূটস্থ মধ্যে হিরন্ময় পুরুষের আবির্ভাব হইলে অজ্ঞান অপসারিত হইয়া যায়। অজ্ঞান অপসারিত হইয়া গেলে প্রজ্ঞার আলোকে যা দর্শন হয় তা নিত্য ও ধ্রুব সত্য। যোগবলে জ্ঞানের সঞ্চার হইলে তখন আত্মার নিতৈশ্বর্য্যের বিকাশ হয়; সেটিকেই যোগৈশ্বর্য্য বলা হয়।

মহাত্মনের সান্নিধ্যে সৎসঙ্গের মাধ্যমে যোগীর যোগীজনচিত স্বভাব ও আচরণ দেখিয়া সাধারণে যোগীকে চিনিতে পারে। যোগীগণ সর্বদা তাঁহাদের স্বমহিমায় বিরাজ করেন। সচরাচর তাঁহাদের যোগৈশ্বর্য্য প্রকাশ করেন না; শুদ্ধাভক্ত বা ভক্তের নিকট অনেক সময়ে তাঁহাদের যোগৈশ্বর্য্য সহজ সরল ভাবেই প্রকাশিত হইয়া পড়ে। যোগীগণ অনুভবগম্য শ্রদ্ধার পাত্র। যোগীরা সিদ্ধাই নন। ছোট-খাট ভৌতিক সিদ্ধিকে যোগৈশ্বর্য্য বলে না। যোগীগণ ব্রহ্মস্বরূপ হন। যিনি যোগী তিনি ব্রহ্মবিদ্; তাই শাস্ত্রে বলিয়াছে — "ব্রহ্মবিৎ ব্রহ্মৈব ভবতি" — অর্থাৎ যিনি ব্রহ্মবিৎ, তিনি ব্রহ্মস্বরূপ হইয়া যান।

প্রশ্ন ৩৩ : ক্রিয়া করার ঝোঁক বা ইচ্ছা জাগানো যায় কি ভাবে?

উত্তর : নিজ অন্তরে সৎচিন্তার দ্বারা নিজেই নিজেকে যাতে অনুপ্রাণিত করতে পারো সেরকম নেশা ধরাতে হবে। সংসারে মায়াবদ্ধ জীব মায়ায় আচ্ছন্ন থাকে। সামনে যা দেখতে পায় না, তারা সেই বস্তু লাভের চেষ্টাও করে না। সংসারের জাগতিক কর্মবন্ধনে ঘাতপ্রতিঘাতে সংঘর্ষের ফলে প্রারব্ধ অনুযায়ী সুখ-দুঃখকে ভোগ করতে করতে একদিন অবশ্যই মানসিক ক্লান্তি আসে। তখন সদ্‌গুরুর কাছে বা কোনো মহাত্মার সান্নিধ্যে গিয়ে সেই ক্লান্তিকে বিদূরিত করে তারা। সৎসঙ্গে মানসিক প্রশান্তি পাওয়া যায় কারণ প্রকৃত সদ্‌গুরু যিনি, তিনি তাঁর অখণ্ড জ্যোতির প্রভায় অলক্ষ্যেই জীবের মলিনতা কলুষতা ধৌত করে দেন। তাই প্রকৃত সদ্‌গুরু সান্নিধ্যে বা সুউন্নত মহাত্মা বা সিদ্ধপুরুষের সান্নিধ্যে মানুষের মনের চিত্ত তরঙ্গের অণুপরমাণু পরিবর্তন হয়ে যায়। তখন অন্তরে আপনা হতেই প্রেরণা জাগে এবং সাধন করার জন্যে মনের উদ্দাম বাড়ে। তবে এও অস্থায়ী ব্যাপার । ঐ ব্যাপারটিকে স্থায়ী করতে হলে নিয়ম করে গুরু-সান্নিধ্যে সৎসঙ্গ করতে হবে। ঈশ্বর ভাবনা থেকে ঈশ্বর দর্শন ও অনুভূতি হয়। ভাবনার তারতম্যে অনুভূতি উপলব্ধিরও তারতম্য হয়; সেই থেকেই ক্রিয়াযোগরূপ ব্রহ্মবিদ্যা সাধনের ঝোঁক বা ইচ্ছা জাগে। একটি কথা মনে রাখতে হবে যে তমোগুণ আর রজোগুণ, এদুটিকে প্রশ্রয় দিলে সাধকের পতন অবশ্যম্ভাবী।

—শ্রীশ্রীমা সর্বাণী

শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণ কথা

(১)

শিবরামপুরের অখণ্ড মহাপীঠের পশ্চিমদিকে চারিধারে রাস্তা দ্বারা বেষ্টিত, মাঝখানে সর্বসাকুল্যে মোট ৮ (আট) কাঠা জায়গার উপর এখন রয়েছে, দক্ষিণে ভক্তনিবাস এবং উত্তরে অন্নপূর্ণা ক্ষেত্র। এ সবই ছিল আমাদের গুরুমাতা শ্রীশ্রীমায়ের পূর্ব পরিকল্পিত মনোবাসনা। অবতারকল্প দেব-দেবীদের মনের ইচ্ছা আমাদের মতন সাধারণের নিকট বোধগম্য হওয়া বড়ই মুশকিল। যতক্ষণ পর্যন্ত না, তাঁর মুখ থেকে নির্গত হচ্ছে সেই দৈবী বাসনার কথাগুলি। তাঁর নির্দেশ মতন ইং ২০০৯ সালে এটি তৈরীর যে কাজ শুরু করা হয় তা আজ অবধি চলমান, তবে এই কাজের গতি প্রায় শেষের দিকে। ইং ২০১১ সালে ট্রাষ্টের মিটিং-এ শ্রীশ্রীমা সকলকে জানিয়ে দিয়েছিলেন যে, ইং ২০১২ সালের ডিসেম্বর মাসের প্রথম দিকে উদ্বোধন হবে অন্নপূর্ণাক্ষেত্র। এছাড়া শ্রীশ্রীঅন্নপূর্ণা মায়ের বিগ্রহের ঘরের উপরের ঘরে স্থাপিত হবে শ্রীশ্রীলক্ষ্মী-জনার্দ্দনজীউর শ্রীবিগ্রহ।



তুষারাবৃত শ্রীশ্রীবদ্রীনাথ ধাম

শ্রীশ্রীমা আমাদের বলেছিলেন যে স্থায়ীভাবে ভগবান শ্রীনারায়ণের অধিবাসের জন্য সদা জাগ্রত পীঠস্থানে গিয়ে শ্রীনারায়ণদেবকে আমন্ত্রণ জানিয়ে আসার বিশেষ প্রচলন আছে এবং এটাই শাস্ত্রীয় নিয়ম। তারজন্য প্রয়োজন বিগ্রহের নিকট রাখার প্রথা অনুযায়ী শালগ্রাম - শিলাগুলিকে নিয়ে শ্রীনারায়ণক্ষেত্রে অর্থাৎ দুর্গমগিরি হিমালয়ের কোলে প্রাচীন দেবভূমি শ্রীবদ্রীনাথধামে গিয়ে পূজা দিয়ে আসার। সেইজন্য শ্রীশ্রীমা সকল রকমের প্রস্তুতি নিতে থাকেন। সময় যতই এগিয়ে আসতে থাকে প্রস্তুতিপর্বও ততই দ্রুত পথে অগ্রসর হয়ে চলে।

শ্রীশ্রীমায়ের সঙ্গে আমি, সেই মহাপুণ্য তীর্থে যাবার ইচ্ছা জানালে তিনি মত দেন এবং শ্রীশ্রীমাকে নিয়ে আমরা মোট পাঁচ জন তীর্থযাত্রী রওনা দিয়েছিলাম। আমরা দুইজন সন্ন্যাসী, আমি ও স্বামী প্রবোধানন্দজী, একজন ব্রহ্মচারী ডাঃ বরুণ দত্ত এবং একজন সংসারী ডঃ পার্থ প্রতীম চক্রবর্ত্তী, যার স্ত্রীর যাবার কথা আমাদের সাথে থাকলেও অসুস্থতার কারণে উপস্থিত মূহুর্তে টিকিট বাতিল করতে হয়েছিল। অনেকটা পথ, তাই কিছুটা সময় লাঘব করার উদ্দেশ্যে এবং গুরুমার কিছু বিশ্রামের কথা চিন্তা ও আরামদায়ক যাত্রার কথা মাথায় নিয়ে আমরা কোলকাতা হতে দিল্লী, বিমানে করে রওনা হয়েছিলাম ইং ১৭ই সেপ্টম্বর ২০১২ সোমবার, বিশ্বকর্মা পূজার দিন। দিল্লী থেকে গুরগাঁও, সেখানে আমাদের গুরুভাই নেহাল ও বুবাইদের বাড়ীতে কিছুক্ষণ বিশ্রাম, তাদের আপ্যায়িত সেবা গ্রহণ ও তাদের দুষ্টু-মিষ্টি পুতুল কন্যা দিয়াকে আদর করে সেখান থেকে গাড়ী করে সোজা রওনা দিয়েছিলাম শিবালয় ও হিমালয়ের প্রবেশদ্বার হরিদ্বারের পথে। নূতন পথের যাত্রাকে কেন্দ্র করে ছিল বেশ কিছু নূতন আনন্দ। সদ্‌গুরুর (শ্রীশ্রীমায়ের) সঙ্গ করে তীর্থভ্রমণে হরিদ্বার ও হৃষীকেশ যাওয়া ভাগ্যে হয়ে থাকলেও, গাড়ী করে এই পথে পূর্বে কোনদিন যাওয়া হয়নি। তাই চলন্ত গাড়ীর কাঁচের দিকে গোলগোল চোখ করে চেয়ে, বাইরের প্রকৃতির ভিন্ন স্থানের ভিন্ন ভিন্ন সৌন্দর্য্যের অপরূপতা মনের কোটরে ধরে রাখার চেষ্টা করতে থাকি। গাড়ীতে শ্রীশ্রীমা ও গুরুভাইদের কথার মধ্যে ছিল বিভিন্ন ধরণের রসিকতা, তার মাঝে কিছু কিছু আধ্যাত্মিক উপদেশ ও গল্পের মাধ্যমে হিমালয়ের দেবভূমি সম্বন্ধে পৌরাণিক কিছুকথা এই তীর্থযাত্রা পথে জানতে পেয়েছিলাম শ্রীশ্রীমায়ের নিকট হতে। এই তীর্থযাত্রা পথে আমাদের গাড়ীতে অভিভাবক হয়ে চলেছিলেন সদ্‌গুরু শ্রীশ্রীমা এবং মায়ের কোলে উপবিষ্ট হয়ে দেবভূমির দুইজন দেবতা, যথা - শ্রীদামোদর নারায়ণ শিলা ও শ্রীধর নারায়ণ শিলা। তাই গাড়ী পথে আমরা চলেছিলাম ঁমা আদ্যাশক্তির তরুছায়ায় মহা আনন্দে ও নিরাপদে।

দিল্লীতে আসার জন্য বিমানের টিকিট কাটার পরেই হরিদ্বারের বাসিন্দা আমাদের গুরুভাই সচ্চিদানন্দজীকে বদ্রীনাথধামে শ্রীশ্রীমায়ের তীর্থযাত্রার সংবাদ জানানো হয়েছিল। সেই সময় তাঁকে বলা হয়েছিল হরিদ্বারে রাত্রিবাসের জন্য ভাল ও নিরাপদ হোটেল এবং সেখানে পরিষ্কার-পরিচ্ছন্ন ভাবে যেন খাবারের ব্যবস্থা থাকে। পরদিন হরিদ্বারে ও হৃষীকেশে পরিচিত কয়েকটি আশ্রমে শ্রীশ্রীমা যাবেন আমাদের নিয়ে এবং তারপর দিন অর্থাৎ ১৯শে সেপ্টম্বর ২০১২ তারিখে সকালবেলায় গাড়ী করে তিনি (শ্রীশ্রীমা) রওনা দেবেন শ্রীবদ্রীনাথধামের উদ্দেশ্যে। এই সকল

ব্যবস্থা যেন সচ্চিদানন্দজী আগে থেকেই করে রাখেন এবং বদ্রীনাথধামেও যেন রাত্রিবাসের জন্য ভালো হোটেলের ব্যবস্থা করে রাখেন। দায়িত্বপূর্ণ আমাদের গুরুভাই সচ্চিদানন্দজী ও তাঁর স্ত্রী গীতা ভাবী দুজনে এক এক করে সকল ব্যবস্থা করে রেখে আমাদের জানিয়ে দিয়েছিলেন। সুতরাং এইসবের চিন্তা মোটেই ছিল না আমাদের মাথায়, কেবলমাত্র শ্রীশ্রীমায়ের প্রথম বদ্রীনাথধাম ভ্রমণকে কেন্দ্র করে মনে দানা বেঁধেছিল সেই পরম পবিত্র তীর্থস্থানের অবস্থান, মৌন মহিমাযুক্ত ধ্যান গম্ভীর পর্বতমালা হিমালয়ের প্রাকৃতিক সৌন্দর্য্যের কারিগরি, তুষারাবৃত গিরিশৃঙ্গের অপূর্বতা, পার্বত্য উপত্যকায় স্বর্গ হতে প্রবাহিত হয়ে আসা পুণ্যতোয়া নদীগুলির মিলনস্থল এবং তাদের বিভিন্ন স্থানের গতিবেগের উপর সৃষ্টি হওয়া অপরূপ দৃশ্যগুলি দেখার আকাঙ্ক্ষা। এর কারণ, শ্রীশ্রীমায়ের সাথে ভ্রমণ সঙ্গী হয়ে আমরাও কয়েকজন ছিলাম একেবারেই নূতন তীর্থযাত্রী।

সেই পরম পবিত্র স্থান সম্বন্ধে ধর্মগ্রন্থ হতে জানতে পারি যে, অক্ষয়ধাম ও মোক্ষধাম বলে পরিচিত সকল ধর্মপ্রাণ তীর্থ যাত্রীদের নিকট হিমালয়ের অতি পুণ্যতম আকর্ষণীয় ও স্মরণীয় তীর্থস্থান হল বদ্রীনাথধাম। এই তীর্থস্থানটি উত্তরাখণ্ড রাজ্যের গাড়োয়াল জেলায় দুর্গমগিরি হিমালয়ের কোলে, নীলকণ্ঠ পাহাড়ের পূর্বদিকে, নারায়ণ পর্বতের পাদদেশে, প্রবাহিত পুণ্যসলিলা স্বর্গগঙ্গা অলকানন্দার পশ্চিম তীরে অবস্থিত। অপরূপ সৌন্দর্য্য বেষ্টিত ও নর-নারায়ণ পর্বতের স্মৃতি জড়িত প্রাচীনতম এই হিন্দু তীর্থস্থানটির কথা ধর্মীয় গ্রন্থ মহাভারতে উল্লেখ রয়েছে। এছাড়া বদরিকাশ্রমে পঞ্চপাণ্ডবগণ ছয়দিন বাস করেছিলেন তাও জানা যায়। আরও জানা যায় যে, একদা এই ধামে ছিল ঋষি শুকদেবের, ব্রহ্মর্ষি নারদের, ভগবান শ্রীকৃষ্ণের ও মহাভারত রচয়িতা মহামতি ব্যাসদেবের সাধনক্ষেত্র। তারও বহুপূর্বে সতীর দেহত্যাগের পর বদরিকাশ্রম তীর্থে এসে দেবাদিদেব মহাদেব স্বয়ং কঠোর তপস্যা করেছিলেন এবং ভক্তকৃপাময় গরুড়বাহন শ্রীনারায়ণ তাঁর তপস্যায় তুষ্ট হয়ে বর প্রদানও করেছিলেন। এই তীর্থের নাম ভিন্ন ভিন্ন ভাবে বিভিন্ন গ্রন্থে পাওয়া যায়। যেমন — বদ্রীনাথধাম বা বদ্রীধাম, বদরিকাশ্রম বা বদ্রীকাশ্রম, বদরীনারায়ণ বা বদরীক্ষেত্র, ব্যাসতীর্থ বদরীনারায়ণ ইত্যাদি। ব্যাসদেবের সাধনার স্থান অনুযায়ী নামকরণ হয়েছে ব্যাসতীর্থ এবং বদরী বা বদর কথার অর্থ হচ্ছে কুল-ফল, এইস্থানে অলকানন্দা নদীর তীরে স্বয়ং শ্রীনারায়ণ কুল-গাছের অর্থাৎ বদরী-বৃক্ষের নীচে বসে তপস্যা করেছিলেন বলেই সেই থেকে এই স্থানের নাম হয়েছে বদরীনারায়ণ।

কৈলাসপতি শিবের অধিষ্ঠান হিমালয়ের সর্বত্র হলেও একমাত্র বদ্রীনাথধাম সেক্ষেত্রে ব্যতিক্রম স্থান। এই তীর্থের আরাধ্য দেবতা হচ্ছেন স্বয়ং শ্রীনারায়ণ এবং এই মহাপুণ্যক্ষেত্রের বিগ্রহ মন্দিরে প্রতিষ্ঠিত বিষ্ণুমুর্তিটি চতুর্ভূজ। সেই মূর্তিটি শিবাবতার আদি শঙ্করাচার্য্য সেখানের নারদকুণ্ডের জলে নেমে উদ্ধার করেছিলেন। তিনি প্রথম অবস্থায় জলে ডুব দিয়ে পেয়েছিলেন অঙ্গহানি হওয়া কালো পাথরের চতুর্ভূজ নারায়ণের বিগ্রহ (ডান হাতে কয়েকটি আঙুল ভাঙ্গা)। শঙ্করজী তা অলকানন্দার জলে বিসর্জন দিয়ে, পুনরায় কুণ্ডের জলে ডুব দিয়ে অনুরূপ আর একটি বিগ্রহ তুলে আনেন। ঘটনাটি তাঁর কাছে চিন্তার বিষয় হয়ে ওঠে। তিনি সেই নারায়ণের বিগ্রহটিকে অনুরূপভাবে নদীর জলে বিসর্জন দিয়ে আবার সেই কুণ্ডের মধ্যে প্রবেশ করেন তৃতীয়বার। সেবারেও যখন জল থেকে একই চেহারাযুক্ত বিগ্রহ উঠে আসে তাঁর হাতে তখন, আচার্য্য শঙ্করজী আশ্চর্য্যান্বিত ও স্তম্ভিত হয়ে যান এবং ভাবতে থাকেন যে, এই অলৌকিকত্বের কারণ কি! একি কোন দৈবী মায়া? ঠিক সেই মুহূর্তে তিনি দৈববাণী শুনতে পান যে, কলিযুগে এই ভগ্ন বিগ্রহই পূজিত হবে। তখন তিনি শালগ্রাম-শিলা হতে তৈরী প্রাচীন অঙ্গহানি হওয়া বিগ্রহটি মন্দিরের পূজারীগণেদের মতামত নিয়ে প্রতিষ্ঠা করেছিলেন। আচার্য্য শঙ্কর যখন দৈবাদিষ্ট হয়ে তাঁর ধর্মমূলক কর্মের উদ্দেশ্যে শিষ্যগণেদের নিয়ে বদ্রীনাথধামে উপস্থিত হন তখন মন্দিরের ভিতর দেখতে পান যে শালগ্রাম শিলায় বদরীবিশালজীর পূজার্চনা হচ্ছে। চিন্তিত আচার্য্য পূজারীদের নিকট হতে বাক্যালাপের মাধ্যমে জানতে পারেন যে, পাশ্ববর্ত্তী চীনদেশের দস্যুদের আক্রমণ হতে শ্রীবিগ্রহটিকে রক্ষা করার তাগিদে গোপনভাবে নারদকুণ্ডের মধ্যে রাখা হয়েছিল কিন্তু, পরবর্তীক্ষেত্রে অনেক চেষ্টা করেও পূজারীগণ তাঁকে পুনরুদ্ধার করতে পারেননি। সেই পরিপ্রেক্ষিতেই আদি শঙ্করাচার্য্যের উপরিউল্লিখিত শুভ পদক্ষেপের ফলে কলিযুগ হতে চতুর্ভূজের মধ্যে ভগ্ন দ্বিভুজ, জটাধারী ও হৃদয়ে ভৃগুপদ চিহ্নযুক্ত শ্রীনারায়ণ, শান্ত সমাহিত, পদ্মাসনে উপবিষ্ট সাক্ষাৎ যোগমূর্তি বিগ্রহটি মন্দিরের মধ্যে নিত্য পূজিত হয়ে চলেছেন আজও অবধি। বদরীবিশালজীর এখনকার মন্দিরটিও শঙ্করাচার্য্যের দ্বারা নির্মিত এবং ধর্মপ্রাণা মহারাণী অহল্যাবাঈয়ের দ্বারা পরবর্তী ক্ষেত্রে পুনর্নির্মিত হয় মন্দিরের স্বর্ণশিখর, তাও ধর্মগ্রন্থ হতে জানা যায়। আরও জানা যায় যে, আদি শঙ্করাচার্য্যের আত্মজ্ঞান প্রাপ্তি এই মহাপুণ্য তীর্থস্থানেই হয়েছিল।

....ক্রমশঃ

—মাতৃচরণাশ্রিত স্বামী সংবেদানন্দজী

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(১১)

জ্ঞানশক্তিসমারূঢ়ং তত্ত্বমালাবিভূষিতম্।
ভুক্তিমুক্তিপ্রদাতারং তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৪২

জ্ঞানশক্তি সমারূঢ়ং, তত্ত্বমালা বিভুষিতং, ভুক্তিমুক্তি প্রদাতারং তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৪২।।

ব্রহ্মজ্ঞানই জ্ঞান, এবং দেহকে আত্মবোধে যে জ্ঞান তাহাকেই অজ্ঞান বলে। ব্রহ্ম সম্পত্তিকে দৈব সম্পত্তি, এবং দেহ বা দেহ সম্পর্কীয় জাগতিক সম্পত্তিকে আসুরিক সম্পত্তি বলে; দৈবী-সম্পদ মুক্তির কারণ, এবং আসুরিক সম্পদ বন্ধনের কারণ হইয়া থাকে (গীতা ১৬ অঃ ৫ম শ্লোক দেখ)। এইরূপ জ্ঞানস্বরূপ শক্তিপদে (ব্রহ্মপদে) সমারূঢ় হইয়া জীব ব্রহ্মভাবাপন্ন হইয়া তত্ত্বমালার দ্বারা বিভূষিত হয় (তত্ত্বগণ — ক্ষিত্যাদি পঞ্চতত্ত্ব— উর্দ্ধ হইতে নিম্নে এবং নিম্ন হইতে উর্দ্ধে মালাবৎ বিচরণ করিতেছে), সেই মালা অবলম্বন করিয়া যিনি বিভূষিত হইয়াছেন অর্থাৎ মালা তাঁহার বন্ধনের কারণ নহে বলিয়া ভূষণস্বরূপ হইয়াছে; এমত ব্যক্তি তত্ত্বসম্পর্কে জগতের বস্তু ভোগ করিতেছেন, পরন্তু জ্ঞানশক্তি সম্পন্ন বলিয়া, ভোগ নির্লিপ্তভাবে হইতেছে এবং বন্ধনের কারণ হইতেছে না, এবং ভোগান্তে জীবের মুক্তিপদ বা জ্ঞান পদে স্থিতি হয় বলিয়া, গুরু ভুক্তি ও মুক্তি দাতা; এমত গুরুকে নমস্কার।।৪২।।

অনেকজন্মসংপ্রাপ্তকর্মবন্ধবিদাহিনে।
আত্মজ্ঞানপ্রদানেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৪৩।।

আত্মজ্ঞানপ্রদানেন অনেকজন্মসংপ্রাপ্তকর্মবন্ধবিদাহিনে (অনেকানিজন্মানি তেভ্যঃ সংপ্রাপ্তকর্মবন্ধানি তেষাং বিদাহিনে) তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৪৩।।

বহুজন্মার্জিত কর্মবন্ধনের উচ্ছেদ আত্মজ্ঞান লাভের দ্বারা হয়; সেই আত্মজ্ঞান যাঁহার সংযোগে আসিয়া পাইলাম, তাদৃশ গুরুকে নমস্কার।।৪৩।।

ইচ্ছার দ্বারা জন্ম হয়, গুরুপদে গেলে আর ইচ্ছা নাই; সুতরাং ইচ্ছার নাশে জন্মও নাই। গুরুপদে থাকিয়া বাহ্যকার্য্য করিলে ইচ্ছার বস্তু সংযোগে আসিয়াও নির্লিপ্তভাবে কার্য্য হইয়া জীব ইচ্ছার বশীভূত হয় না, সুতরাং সে জন্মমৃত্যুর অধীনে যায় না।।৪৩।।

শোষণং ভবসিন্ধোশ্চ জ্ঞাপনং সারসম্পদঃ।
গুরোঃ পাদোদকং সম্যক্ তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৪৪।।

গুরুঃ পাদোদকং ভবসিন্ধোঃ সম্যক্ শোষণঃ সারসম্পদঃ চ জ্ঞাপনং তস্মৈ শ্রীগুরবে নমঃ।।৪৪



গুরুর পাদোদক (জ্ঞানামৃত রস), (অজ্ঞানরূপ) ভবসিন্ধুশোষক এবং সারসম্পদের (দৈবসম্পদের) জ্ঞাপক। ব্রহ্মই সারসম্পদ এবং উহা অসার জাগতিক সম্পদ নহে; আসুরিক সম্পত্তি অধিকারে জীব মৃত্যুমুখে যায়, পরন্তু ব্রহ্মলাভে জীব অমর হয়। ব্রহ্মক্রিয়ান্তে ক্রিয়ার পরাবস্থায় কণ্ঠমূলে বায়ুর স্বতঃ স্থিতি হয়, তখন জীব শান্তিবারি পান করে, উহাই গুরুপাদোদক, উহা অমরত্বপ্রদ। এমত অমৃত যথা হইতে নিঃসৃত হয় তাদৃশ গুরুব্রহ্মকে নমস্কার।।৪৪।। *...ক্রমশঃ*

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত)

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

জন্মাষ্টমী — ২৫শে আগষ্ট, বৃহস্পতিবার
আধ্যাত্মিক সভা — ২৫শে সেপ্টেম্বর, রবিবার, সন্ধ্যা ৭টা
মহালয়া — ৩০শে সেপ্টেম্বর, শুক্রবার
নবরাত্রি দুর্গাপূজা — ১ - ১১ই অক্টোবর
৬ই অক্টোবর (পঞ্চমী): সন্ধ্যায় সঙ্গীতানুষ্ঠান
৮ই অক্টোবর (সপ্তমী): সন্ধ্যায় সঙ্গীতানুষ্ঠান
৯ই অক্টোবর (অষ্টমী): শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ী বাবার তিরোভাব দিবস উপলক্ষ্যে ভাণ্ডারা
১০ই অক্টোবর (নবমী): দ্বিপ্রহরে শ্রীশ্রীদুর্গাদেবীর মহাপ্রসাদ
কোজাগরী লক্ষ্মীপূজা— ১৫ই অক্টোবর,শনিবার

রাজস্থানের সুপ্রসিদ্ধা শ্রীশ্রীসতীমায়ের লীলামৃত

(২)

রাজপুত প্রথা অনুসারে যখন কাহারো স্বামীর মৃত্যু হয়, তখন তাহাকে ছয় মাস একটি গৃহের কোণায় পর্দ্দার আড়ালে থাকিতে হয়। কিন্তু রূপার মেজ-জা অর্থাৎ ভুর কঁৰর (কাকিসা) রূপার প্রতি এই নিয়ম পালনের প্রতিবাদ করিলেন। তাহার যুক্তি হইল রূপা তাহার স্বামীর মুখ পর্য্যন্ত দর্শন করেন নাই। তাহার শিশু সুলভ সরল স্বভাব। তাহাকে আবার শোক পালনের প্রথা কেন মানিতে হইবে? তিনি রূপাকে এই প্রথা মানিতে দিলেন না।

ভুর কঁৰর নিজেও মাত্র দুই বৎসর স্বামী ইন্দ্র সিংহজীর সহিত ঘর করিয়াছিলেন। তারপর সেই কালান্তক প্লেগ রোগ তাহার স্বামীর জীবন গ্রাস করিয়া লইল। ভাসুর জালিম সিংহজীর স্ত্রীর পূর্বেই মৃত্যু হইয়াছিল। কাজেই এই বৃহৎ সংসারের তিনিই এখন সর্বময়ী কর্ত্রীরূপে ছিলেন।

রাজপুতদের প্রথা অনুসারে আত্মীয়-স্বজনদের মধ্যে যাহারাই এই শোক সংবাদ জানিতেন, তাহারাই আসিয়া পরিবারে সারাদিন থাকিয়া এই শোক প্রকাশে অংশ গ্রহণ করিতেন।

সর্ব্বাপেক্ষা আশ্চর্য্যের বিষয় এই যে, যাহার সর্ব্বাপেক্ষা শোকগ্রস্ত হইবার কথা সেই রূপ কঁৰর কিন্তু ধীর, স্থির এবং ভাবলেশহীন হইয়া ভাবিতেন যে, ''এত শোক করিবার কি কারণ আছে? আমার মধ্যে তো কোনই শোক হইতেছে না। আমি যাহার মুখ পর্য্যন্ত দর্শন করি নাই তাহার জন্য আমার মত একজন রাজপুত মেয়ের অশ্রু বিসর্জন করা অর্থহীন। নকল অশ্রুপাত আমার দ্বারা হইবে না। ইহারা কেন এত শোকে মুহ্যমান?'' রূপা বাইসা এই কথাই কেবল চিন্তা করিতেন।

এইভাবে যখন ১২ দিনের শোকান্ত হইল, তখন রূপা বাইসা বিবাহের পোষাক ও চূড়া খুলিয়া ফেলিলেন এবং তাহাদের প্রথামত বিধবার পোষাক ধারণ করিলেন। তাহার পর ছয় মাস যখন পূর্ণ হইল তখন রূপার বড় ভাই রেবত সিংহজী আসিয়া তাহাকে রাবনিয়া লইয়া গেলেন। চন্দ্র সিংহজী রূপার এই বৈধব্যের বেশ দেখিয়াই অত্যন্ত বিচলিত হইয়া পড়িলেন। তিনি যাহাকে সুসজ্জিত করিয়া নববধূরূপে পাঠাইয়াছিলেন, সে এখন কি বেশে ফিরিয়া আসিল, কিন্তু ইহার দশদিন পরেই ভাসুর জালিম সিংহজী আসিয়া রূপাকে বালা লইয়া গেলেন। এই সময় রূপার অতি স্নেহের ছোট ভাইটিও রূপার সহিত বালা আসিয়াছিল।

রূপ কঁৰরজী এবং কাকিসা—রূপ কঁৰরজীর জীবনে এই মেজ-জা একটি মহত্বপূর্ণ ভূমিকা পালন করিয়াছিলেন। সেই জন্য তাহার বিষয়েও কিছু জানিবার প্রয়োজন আছে।

ভুর কঁৰরের পিতার মৃত্যু হইয়াছিল তাহার বাল্য বয়সে। তাই তাহার মাতা অনেক দারিদ্র্যতার মধ্যে তাহাদের লালন-পালন করিয়াছিলেন। মাত্র ১২ বৎসর বয়সেই তাহাকে বালার ইন্দ্র সিংহজীর সহিত বিবাহ দিয়াছিলেন। ভুর কঁৰরের মধ্যে চরিত্রের দৃঢ়তা, সাহস এবং প্রখর ব্যক্তিত্বের প্রকাশ দেখিতে পাওয়া যাইত। তিনি অধিক লেখাপড়া করার সুযোগ পান নাই। কিন্তু তিনি নিয়মিত সদ্গ্রন্থ পাঠ, যেমন রামচরিত মানস, গীতা পাঠ প্রতিদিন করিতেন। তাহার সাহসিকতার একটি ঘটনা এখানে উল্লেখ করা একান্ত প্রয়োজন। একবার তাহার ভাসুর জালিম সিংহজীকে পুলিশ একটি ডাকাতির কেসে জড়িত বলিয়া সন্দেহ করে। সেইমত তাহারা ঠিক করিল যে, জালিম সিংহের অনুপস্থিতিতে তাহারা তাহার গৃহে তল্লাসী করিয়া দেখিবে যে কোন ডাকাতির মূল্যবান দ্রব্য পাওয়া যায় কিনা। তাহাদের এই পরিকল্পনা পূর্ব হইতেই ভুর কঁৰর জ্ঞাত হইয়াছিল। তিনি তখন খোলা তরোয়াল হস্তে ধারণ করিয়া দ্বার রক্ষকের ভূমিকা পালন করিলেন এবং পুলিসের লোকেদের দেখিতে পাইয়া ডাকিয়া বলিলেন, ''কে আছিস মায়ের ব্যাটা, সাহস থাকে তো চলে আয়।'' ভুর কঁৰরের এই বীরত্ব পূর্ণ ভূমিকা দেখিয়া পুলিসের লোকেরা তখন ভয়ে পালাইয়া গিয়াছিল।

এই ভুর কঁৰরের প্রভাবে জালিম সিংহজীর মতিচ্ছন্ন ভাবেরও পরিবর্তন হইয়াছিল।

মানসিংহজী—মানসিংহজী এই জালিম সিংহের পুত্র ভুর কঁৰরকে 'কাকিসা' বলিয়া সম্বোধন করিতেন আর রূপা বাইসাকে বলিতেন 'মিঠা কাকিসা'। মানসিংহের সম্বোধন

অনুসারে পরিবারের সকলেই ভুর কঁৱরজীকে 'কাকিসা' বলিয়াই ডাকিতেন। ইহার পরে বাপজীর ভক্তগণও তাহাকে কাকিসাই বলিতেন। সেজন্য আমরা 'কাকিসা' বলিয়াই তাহাকে উল্লেখ করিব।

বৈধব্য জীবনযাপন—রূপ কঁৱর তাহার বৈধব্য জীবন অতি কঠোরতার সহিত পালন করিতে লাগিলেন। প্রথমেই তিনি পালঙ্ক-শয্যা ছাড়িয়া ভূমিতে শয্যা গ্রহণ করিতে লাগিলেন। দ্বিপ্রহরে একবার মাত্র সামান্য আহার করিতেন, তাহাও একখানি মাত্র বাজরার রুটি। উহা হইতেও অর্ধেক গরু বা কুকুরকে খাওয়াইয়া দিতেন। তাহার ভোজনের সময় কেহ যদি না উপস্থিত থাকিত, তখন সমগ্র ভোজন সামগ্রীই তিনি গরু অথবা কুকুরকে ভোজন করাইতেন। একাদশীর দিন কোন খাদ্য ও পানীয় গ্রহণ করিতেন না।

প্রতিদিন রাত্রি তিনটার সময় শয্যা ত্যাগ করিয়া নিত্য কর্ম এবং স্নানাদি সারিয়া লইতেন। তাহার পর জাঁতাকলে বসিয়া সারাদিনের ব্যবহারের বাজরা পিশিয়া আটা বানাইতেন। কোনো কোনো দিন লোকজন একটু বেশী হইলে চল্লিশ কেজির মতও আটা বানাইতে হইত। এই কার্য্য তিনি একনাগাড়ে বসিয়া করিতেন। ইহার পর গরু এবং বলদের জন্য বিচুলি ও বাজরা মিশাইয়া দলিয়া মিশ্রণ বানাইতেন। বাজরা পেশার কাজ শেষ হইলে গরুর দুগ্ধ দোহনের কাজ করিতে হইত। তারপর পশুদের তিনি দানা-পানি দিতেন। ইহার পর দোহন করা দুগ্ধকে জ্বাল দিতেন। এই সমস্ত কাজ সমাপ্ত হইলে কাকিসা অর্থাৎ ভুর কঁৱরের নিকট গীতা পাঠ শুনিতেন। পাঠ শেষ হইলে দধি লইয়া মাখন তৈরী করিতেন এবং সেই মাখন জ্বাল দিয়া ঘৃত প্রস্তুত করিতেন। এই সময় পশুরা বনে চরিয়া বেড়াইত বলিয়া পশুশালায় যাইয়া সমস্ত গোবর একত্র করিয়া সংগ্রহ করিয়া আনিতেন এবং তাহার দ্বারা ঘুঁটে বা ঐ-জাতীয় জ্বালানী প্রস্তুত করিতেন। তখন তিনি পশুদের থাকিবার স্থানটিও পরিষ্কার করিয়া আসিতেন। এই সকল কর্ম সমাপ্ত হইলে তিনি রন্ধনশালায় যাইয়া রন্ধনের জন্য সমস্ত কার্য্যে সহায়তা করিতেন। তাহার হাতে তৈরী বাজরার রুটি সকলেই খুব পছন্দ করিতেন। ক্ষেতে যাহারা কাজ করিতে যাইত তাহাদের জন্য গাঠ্‌রী করিয়া খাদ্য-দ্রব্য বানাইয়া দিতেন। তারপর পরিবারের সকলের আহার অন্তে নিজে অর্ধেক রুটি আহার করিতেন। আহার অন্তে কাকিসা রামচরিত মানস এবং শ্রীভগবত গীতা পাঠ করিতেন। তখন পরিবারের লোকজন এবং গ্রামের অনেক মহিলারাও তাহা শুনিতে আসিতেন। এই পাঠ শ্রবণ সমাপ্ত হইতেই আবার রাত্রে খাবার প্রস্তুত করার সময় হইয়া যাইত। এই সময় অর্থাৎ গোধূলিতে পশুরাও ফিরিয়া আসিত। তখন আবার তাহাদের দানাপানী দিতে হইত। ইহার পর দুগ্ধ দোহনের কার্য্যটি করিয়া তাহাকে জ্বাল দিয়া রাখিতে হইত। দুগ্ধ ঠাণ্ডা হইলে তখন দধি প্রস্তুত করিতে হইত। এইভাবে রাত্রির ভোজন পর্ব সমাপ্ত হইত। তারপর রূপ কঁৱর এবং কাকিসা ভজন এবং সৎসঙ্গ করিতে বসিতেন। তখন পরিবারের অন্যান্য মহিলারাও আসিয়া তাহা শুনিতেন। সকলেই অতীব আশ্চর্য্য হইয়া ভাবিতেন, রূপ কঁৱর অর্ধরুটি আহার করিয়া, কখনো গুপ্তভাবে উপবাস করিয়া প্রসন্নচিত্তে এত পরিশ্রম করে কেমন করিয়া। এইভাবে সমস্ত দিনই তাহাকে এত পরিশ্রম করিতে হইত যে, সারাদিনে এক মুহূর্তও তিনি অবকাশ পাইতেন না। সকলে ইহাও ভাবিতেন যে, এত পরিশ্রমের পর নিশ্চয়ই তিনি শয্যায় যাইয়া নিদ্রাভিভূত হইয়া পড়িতেন। কিন্তু তাহার গুপ্ত সাধনা কেহই জানিতে পারিত না। তিনি রাম-নাম শ্বাসে শ্বাসে জপ করিতেন। রাত্রে যখন সকলে নিদ্রিত হইয়া পড়িত, তখন তিনি উঠিয়া গৃহের একটি কোণায় পদ্মাসনে বসিয়া জপ ও ধ্যানে লীন হইয়া থাকিতেন। রাত্রে তিনি মাত্র দুই বা তিন ঘন্টা নিদ্রা যাইতেন। আবার কোনো কোনো দিন ধ্যানে এতই মগ্ন থাকিতেন যে কখন যে রাত্রি প্রভাত হইয়া যাইত তাহা তিনি বুঝিতেই পারিতেন না। তাহার নিকট সাধনাই ছিল মুখ্য উদ্দেশ্য। তাই সারাদিনের কর্মের মধ্যেও তিনি রাম-নাম জপ করিয়া চলিতেন। এইভাবে শ্বাসে-শ্বাসে তাহার জপ হইত। আটা পেশাই করার সময় এই জপ তাহার গভীরভাবে চলিত। কখনো নাম করিতে করিতে তাহার অশ্রুধারা নির্গত হইত। দিনের বেলায় তাহার কর্মধারা দেখিয়া কাহারো বুঝিবার উপায় ছিল না যে, অন্তঃসলিলা নদীর মত তাহার মধ্যে নামজপের প্রবাহ চলিতে থাকিত। রূপ কঁৱর তাহার ব্যক্তিগত সাধনা ছাড়াও সৎসঙ্গ করিতে অত্যন্ত ভালবাসিতেন। কাকিসাও ছিলেন তাহারই মত ধর্মপ্রাণ ও ধার্মিকগুণাবলীর অধিকারী। তাহারও সৎসঙ্গে গভীর অনুরাগ ছিল। রূপ কঁৱরের পিত্রালয়ের রাবনিয়া গ্রামের লালজী নামে একজন অতীব প্রভু ভক্ত এবং সাধক ছিলেন। তাঁহার জ্ঞানচর্চা ও ভজনে অসাধারণ দক্ষতা ছিল। কাকিসা তাঁহার দ্বারা এতই প্রভাবিত হইয়াছিলেন যে, তাঁহাকে মধ্যে মধ্যে গৃহে আনিয়া ভজন

শুনিতেন ও সৎসঙ্গ করিতেন এবং তাঁহাকে তিনি নিজের ধর্মভাইরূপে গ্রহণ করিয়াছিলেন। লালজীও সময় সময় বালা গ্রামে আসিয়া তাহাদের নিকট দুই চার দিন থাকিয়া ভজন-কীর্ত্তন এবং সৎসঙ্গ করিয়া সকলকে পরমানন্দ দান করিতেন। এইরূপ প্রেমজী নামে এক ব্রাহ্মণ এবং মুঁগহর বাবা নামে এক সন্ন্যাসী, যিনি পূর্ব আশ্রমে একজন রাজপুত ছিলেন মাঝে মাঝে আসিতেন এবং কাকিসা ও রূপ কঁৱরের ধর্ম পিপাসা মিটাইতে তাহাদের গৃহে আসিয়া সৎ গ্রন্থপাঠ ও ভজন-কীর্ত্তন করিতেন। ইহারা ছাড়াও অন্য কোনো সাধু সন্ন্যাসী যদি বালা গ্রামে ভিক্ষা করিতে আসিতেন তাহাদেরও ইহারা ভিক্ষা করিবার জন্য আমন্ত্রণ জানাইতেন। এই ভাবে সকল কাজের মধ্যেও ধর্মচর্চা তাহাদের মধ্যে নিত্য চলিত।

পূর্বেই বলা হইয়াছে যে কাকিসা বাল্যকালে অত্যন্ত দরিদ্রতার মধ্যে লালিত পালিত হইয়াছিলেন। এইজন্য সংসারে তাহার মিতব্যয়িতা প্রায় কার্পণ্যের পর্য্যায়ে পরিণত হইত। রূপকঁৱর প্রাতঃকালে ও সন্ধ্যায় একটি করিয়া ধূপকাঠি জ্বালাইয়া জপ করিতে বসিতেন। কিন্তু এত খরচ করা কাকিসার পছন্দ হইত না। তখন তিনি ধূপকাঠিকে তিন টুকরো করিয়া তাহাকে জ্বালাইবার জন্য দিতেন। আবার কখনও রূপ কঁৱরের ছিন্ন বস্ত্র সেলাই করিবার প্রয়োজন হইলে কাকিসার কাছে সূচ-সুতা চাহিতেন, তখন তিনি সেই ছিন্ন স্থানটি সেলাই করিতে যতটুক সূতা প্রয়োজন আন্দাজ করিয়া মাত্র সেইটুকুই সুতা তাহাকে দিতেন। এইভাবে বহু প্রকারে রূপ কঁৱরের প্রতি কাকিসার শাসন এক প্রকার অত্যাচারই ছিল। যদিও তাহার এইরূপ আচরণকে মিতব্যয়িতা বলিয়া বাহাদুরী দেওয়া হইত। কখনো কখনো কাকিসা রূপ কঁৱরকে কটু বাক্য প্রয়োগ করিতেও দ্বিধাবোধ করেন নাই।

রূপ কঁৱরের বাল্যকাল হইতেই শুদ্ধভাবে থাকা এবং পরিষ্কার পরিচ্ছন্নতা চরিত্রের বৈশিষ্ট্য ছিল। এখানে আসিয়া তিনি খালি পায়েই চলাফেরা করিতেন। সেই জন্য পা দুইটি সর্বদাই অপরিষ্কার এবং ফাটিয়া থাকিত। বিশেষতঃ পশুদের ঘর পরিষ্কার করিতে পায়ে খুবই গোবর ইত্যাদি লাগিয়া থাকিত। এই জন্য তিনি পদদ্বয় ভাল করিয়া ঘষিয়া পরিষ্কার করিতেন। কখনো কখনো পায়ের ফাটার মধ্যে জমা ময়লা পরিষ্কার করিতে অনেকক্ষণ লাগিত। তাহা দেখিয়া কাকিসা ব্যঙ্গোক্তি করিয়া বলিতেন, ''কাহার জন্য পদদ্বয় অমন ঝক্‌ঝকে করিয়া পরিষ্কার করিতেছ?'' কিন্তু কাকিসা রূপ কঁৱরকে স্নেহও করিতেন এবং সর্বদা তাহার প্রতি নজর রাখিতেন। কাকিসা ও রূপ কঁৱর দুইজনেই পরস্পরকে ভালবাসিতেন, কারণ দুই জনই ছিলেন ভগবদ্ ভক্ত এবং সৎসঙ্গ করিতে ভালবাসিতেন।

ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণদেবের কথানুসারে 'জটিলা-কুটিলা বা জগাই-মাধাই না থাকিলে লীলা পুষ্টাই হয় না।' সেইরূপ, রূপ-কঁৱরের জীবনেও আসিল এক প্রচণ্ড অপবাদ। তাহার খুড়ী শ্বাশুড়ীর স্বভাবই ছিল সৎ ব্যক্তিকে হিংসা করা এবং তাহার চরিত্রে মিথ্যা কলঙ্ক আরোপ করা। তিনি কাকিসা ও রূপ কঁৱরের বিষয়ে যত্রতত্র বলিয়া বেড়াইতে লাগিলেন। এরা বিধবা হইয়া এত সাধু সজ্জনের পিছনে ছোটে কেন? কেনইবা এত আগ্রহ? ইহার পিছনে নিশ্চয়ই কোন গুঢ় উদ্দেশ্য নিহিত আছে। লালজী দর্জি রাবনিয়া গ্রাম হইতে আসিয়া সৎসঙ্গের নামে গৃহে থাকিয়া যায়। নিশ্চয়ই পূর্ব হইতেই রূপ কঁৱরের সহিত তাহার কোন ঘনিষ্ঠ সম্বন্ধ ছিল। এই প্রসঙ্গ লইয়া তিনি একটি মনোরম ও মুখোরোচক কাহিনী রচনা করিয়া প্রচার করিলেন যে, ''এই লালজীর দ্বারা রূপ কঁৱরের গর্ভে সন্তান আসিয়াছিল। লালজী সেই সন্তানকে গর্ভপাত করাইয়া এইখানেই কোথাও পুঁতিয়া রাখিয়াছেন।''

যে রূপা বাল্যকাল হইতেই অত আদরে লালিত পালিত হইয়াছিলেন, পিত্রালয়ের সেই স্মৃতি মনে পড়িত, আর আজ তাহার অদৃষ্টে এত দুর্নাম, অপমান ও চরিত্রহানির কলঙ্ক তাহাকে অত্যন্ত মর্মপীড়া দিত। মনের দুঃখে তিনি একান্তে যাইয়া কিছুক্ষণ কাঁদিয়া আসিতেন আর ভারাক্রান্ত হৃদয়ে যখন বাজরা পিশিতে বসিতেন, তখন তাহার দুই চক্ষের অশ্রুধারায় বক্ষ ভাসিয়া যাইত। তখন তিনি বিচার করিতেন যে, ''আমার পরিবারের লোকেরা কি দারুণ মমতায় আমাকে কত সুখে রাখিয়াছিল, আর এখন এইরূপ অপবাদ! তাহা হইলে নিশ্চয়ই আমার কোনো জন্মের কর্মফলের জন্যই আমাকে এই পরিবারে আসিতে হইল!'' এইভাবে বিশ্লেষণ করিতে করিতে ক্রমে তাহার দুঃখের তীব্রতা কমিয়া আসিত। তিনি তখন সর্বদা রাম-নাম করিতে লাগিতেন এবং তৎভাবে বিভোর হইয়া থাকিতেন।

এই খুড়ী-শ্বাশুড়ীর ভবিষ্যৎ জীবনে ক্যান্সার হইয়া নাকের ভিতরে পোকা কিলবিল করিত। সেই ঘায়ের গভীর যন্ত্রনায় তাহার মৃত্যু হইয়াছিল। *...ক্রমশঃ*

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী বীণা চৌধুরী

গীতা ভাবনা
(২৬)

কবি সত্যেন্দ্রনাথ দত্ত স্বামীজি সম্পর্কে বলেছেন — ''বীর সন্ন্যাসী বিবেকের বাণী ছড়াল বিশ্বময়।'' স্বামী বিবেকানন্দ ভারত আত্মার প্রতিভূ এবং ভারতের সদাজাগ্রত চিন্তার বাহক। ভারত আত্মার বিবেককে যাঁরা বহির্বিশ্বে প্রতিষ্ঠা দিয়েছেন তাঁদের মধ্যে বিবেকানন্দের একটা বিশেষ স্থান আছে।

পরাধীন ভারতে একটা বিশেষ কালখণ্ডে এই ক্ষণজন্মা পুরুষের আবির্ভাব; যখন রবীন্দ্রনাথ, শ্রীঅরবিন্দ এবং আরও অনেকে বেদ-বেদান্তের মধ্যে ভারতাত্মার সন্ধান করছেন এবং বহির্ভারতে সেকথা সদর্পে প্রকাশ করেও বেড়াচ্ছেন। মাত্র ৩৯ বছরের জীবনলীলায় বিচিত্র কর্মযজ্ঞে ব্যাপৃত থাকার জন্য ভাষণ, পত্রলিখন ও সাহিত্য সৃষ্টির জন্য তিনি সময় পেয়েছিলেন মাত্র বছর সাতেক। অথচ এই সামান্য সময়ের মধ্যে ঠাকুর রামকৃষ্ণদেবের প্রত্যাদেশে কী বিশাল কর্মযজ্ঞের জাল তিনি বিস্তার করেছিলেন সেকথা ভাবলে বিস্মিত হতে হয়। বিবেকানন্দ মানবতার সাধক। একটা পরাধীন জাতিকে নতুন চৈতন্যে উদ্বোধিত করার জন্য এবং বিশেষভাবে উপনিষদের চৈতন্যে জ্বলে ওঠার জন্য তিনি সদা সচেষ্ট। তাঁর মধ্যেকার প্রতিভা বিচিত্রমুখী হয়ে ছড়িয়ে পড়েছিল বলে বিশেষ ক্ষেত্রে তাঁকে প্রতিষ্ঠা দেয়নি; অথচ তাঁর মধ্যেকার আর্ষসত্ত্বা তাঁকে ঋষি করতে পারত, যোগ্য রাজনীতিবিদ্ করতে পারত, বিশিষ্ট সমাজসেবক বা সাহিত্যসেবক করতে পারত, কিংবা সঙ্গীতের ক্ষেত্রে তাঁকে অসাধারণ প্রতিষ্ঠাও দিতে পারত। অথচ বিবেকানন্দ এসব রাস্তায় না হেঁটে বিবেকানন্দ হয়েই রইলেন।

স্বামী বিবেকানন্দের দৃষ্টি যেমন স্বচ্ছ ও সমন্বয়ধর্মী তেমনি আত্মবোধের প্রকাশের ভাষাটিও ইস্পাতের মতো ধারাল। অসাধারণ কষ্ট সহ্য করে ঠাকুরের আশীর্বাদে শিকাগো ধর্মসম্মেলনে উপস্থিত হয়ে তিনি সমাগত ব্যক্তিবর্গকে সম্বোধন করলেন, ''আমার আমেরিকাবাসী ভাই ও বোনেরা'' বলে। পৃথিবীর অন্যধর্মের প্রচারকেরা দরিদ্রের সেবা করতে পারেন, তাদের বাস্তব জগতে উন্নতির জন্য প্রাণপাত করতে পারেন; কিন্তু অমৃতের পুত্র হিসাবে সকলকে আত্মার আত্মীয় করে নিতে পারেন না। বেদে ব্রহ্ম সম্পর্কে বলা হয়েছে— 'পিতা নোহসি' অর্থাৎ, তুমি আমাদের পিতা। ফলে দিব্যধামে যেখানে যত অমৃতের পুত্র আছে সবাই আমার আত্মার আত্মীয়। উপনিষদের ভাষায় — 'সব কিছুই সেই একেরই বিভূতি।' আচার্য শঙ্করও সকলকে শিবপুত্র হিসাবে ভাবনার জন্যে অন্নপূর্ণাস্তোত্রে বলেছেন —

''মাতা মে পার্বতী দেবী পিতা দেবো মহেশ্বরঃ।
বান্ধবাঃ শিবভক্তাশ্চ স্বদেশ ভুবনত্রয়ম্।।''

এসব শাস্ত্রবাণীকে বোধিরস্তরে গিয়ে উপলব্ধি করতে পেরেছিলেন বলেই তিনি পৃথিবীর সকলকে আত্মীয় করে নিতে পেরেছিলেন। স্বামীজির বেদান্ত তার্কীকের শুষ্ক বিচার নয়, প্র্যাকটিকাল বেদান্ত, যেখানে মানবপ্রীতি ও ভগবৎপ্রীতির মধ্যে পার্থক্য নেই। ব্যাপারটাকে স্বরচিত একটি কবিতায় ব্যক্ত করেছেন তিনি —

''ব্রহ্ম হতে কীট-পরমাণু, সর্বভূতে সেই প্রেমময়,
মন প্রাণ শরীর অর্পণ কর সখে, এ সবার পায়।
বহুরূপে সম্মুখে তোমার ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর
জীবে প্রেম করে যেইজন সেই জন সেবিছে ঈশ্বর।''

বিবেকানন্দের এই ব্যাপক দৃষ্টির জন্যই সাবলীলভাবে মূর্খ ভারতবাসী, দরিদ্র ভারতবাসী, চণ্ডাল ভারতবাসী সকলকেই ভাই বলতে পেরেছেন, আত্মার আত্মীয় বলতে পেরেছেন।

প্রাচীন ভারতের কৃষ্ণ গীতার বাণীতে সাংখ্য-যোগকে এক করে দিয়েছেন — ''সাংখ্যযোগৌ পৃথক্ বালাঃ প্রবদন্তি ন পণ্ডিতাঃ''। এই যোগ সমন্বয়ের ধারা বেয়ে পাগল ঠাকুর বললেন ''যত মত তত পথ''। একেই নতুন ভাবে মেলে ধরলেন স্বামীজি। শঙ্করের উপর তাঁর অসীম শ্রদ্ধা থাকলেও এবং অদ্বৈতবাদী হলেও, শঙ্করের পথের থেকে তাঁর পথ ভিন্ন। শঙ্কর যখন সনাতন ধর্মকে রক্ষার জন্য স্বয়ং শিবরূপে আবির্ভূত হলেন তখন তাঁর প্রতিপক্ষ ছিলেন বেদ-বিরোধী বৌদ্ধ, সাংখ্যবাদী তথা নৈয়ায়িকেরা। ফলে তাঁকে এমনভাবে যুক্তিজাল সাজাতে হল তাতে মনে হল — তিনি বোধ হয় প্রচ্ছন্ন বৌদ্ধ। তেমনি প্রচারকালে স্বামীজি প্রতিপক্ষ হিসাবে পেয়েছিলেন — প্রবলপরাক্রম খ্রিস্টান, ইহুদী ও মুসলমানদের। ভারতের জাতপাতবাদী কিছু সংগঠন যেমন শূদ্রকূলেজাত তাঁকে প্রাপ্য সম্মান থেকে বঞ্চিত করতে চেয়েছিল তেমনি পূর্বোক্ত ধর্মসংগঠকরাও অনেকে তাঁর বিরুদ্ধে চক্রান্তজাল বিস্তার করেছিল। অনন্য সাধারণ মনীষা,

বাক্‌কৌশল এবং বৈদান্তিক দৃষ্টিতে সবকিছুকেই সহজে উপেক্ষা করে বিশ্বকে জয় করতে পেরেছিলেন তিনি। তাই সত্যিই তিনি বীরসন্ন্যাসী। *...ক্রমশঃ*

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

গুপ্তযোগী ভূপতি মহারাজ

(১৫)

শ্রীসুরেন বন্দ্যোপাধ্যায়ের ডায়রী থেকে —

প্রথম দর্শন —

স্থান ৫নং রামতনু বসু লেন,
সিমলা, কাঁসারীপাড়া
অগাষ্ট মাস ১৯১৬ বঙ্গাব্দ

তখন আমি পাবনা জেলার রাধানগরের মজুমদার বাবুদের বাসাবাটিতে থাকি। শ্রীনলিনী রঞ্জন রায় (পরবর্তীকালে পাবনা -অধুনা বাংলাদেশ - এডওয়ার্ড কলেজের অধ্যক্ষ হয়েছিলেন) ও আমি একত্রে থাকিয়া পড়াশুনা করি। আমি বি.এ তৃতীয় বার্ষিক শ্রেণীতে পড়ি।

একদিন বিকেল পাঁচটা কি সাড়ে পাঁচটা হবে। বহির্বাটিতে ছোট একটি ঘর। সেখানে একটি তক্তপোষে উবু হয়ে বসিয়া বালিশে ভর দিয়া পাঠ্যপুস্তকে মনোনিবেশ করিয়া আছি। এমন সময় — ননীদা (শ্রীনলিনী রঞ্জন রায়) একটি বৃদ্ধ ব্রাহ্মণকে সঙ্গে করিয়া সেই ঘরে প্রবেশ করিলেন এবং আমারই ছোট তক্তপোষের একধারে বৃদ্ধকে বসিতে নির্দেশ দিয়া ব্যস্তসমস্তভাবে পুনরায় বাহিরে চলিয়া গেলেন। সসম্ভ্রমে উঠিয়া তাঁহাকে বসিবার জায়গা দিলাম। বৃদ্ধ ঘরে ঢুকিবার সময়ও পৈতা ধরিয়া করে-জপ করিতেছিলেন। তক্তপোষের প্রান্তে বসিয়া চরণ দুটি ঝুলাইয়া সেই জপই করিতে লাগিলেন। চোখমুখের হাবভাব, চাহনি ও জপের ভঙ্গি দেখিয়া তাঁহাকে উন্মাদ মনে করিতে আমার কোন দ্বিধাবোধ হইল না।

তিনি আপনমনে উচ্চৈঃস্বরে ''হরি, হরি'' জপ করিতেছিলেন। আমি বিস্ময়চোখে দেখিতে লাগিলাম। ননীদা ইঁহাকে কোথায় পাইলেন, কেনই বা লইয়া আসিলেন, ইঁহাকে এখন আমার ঘাড়ে চাপাইয়া দিয়া কোথায় সরিয়া পড়িলেন - কিছুই বুঝিলাম না। আশা করিতেছি ননীদা সত্বরই ফিরিবেন। এইভাবে ১৫/২০ মিনিট কাটিয়া গেল।

এতক্ষণ বৃদ্ধ ব্রাহ্মণের কার্য্যকলাপ সবিস্ময়ে দেখিতেছিলাম। দেখিলাম, জপ করিতে করিতে নানাবিধ ভাবভঙ্গীসহ কাহার সঙ্গে যেন কথা বলিতেছেন, আমরা যেমন মুখোমুখী বসিয়া দুইজনে কথাবার্তা বলি। যেন টেলিফোনের একপ্রান্তে কেহ কথা বলিতেছে, আমি শুনিতেছি। ''তোকে তো আমি অনেক বারই বলেছি''..... ''আমার কথা কি কিছুই নয়''..... ''মা, আমি কি তোর সন্তান নই''..... ''অমন করে কি ভয় দেখাতে আছে।''.....

''তুই যাই বলিস না কেন, সে হবে না, আমার কথা তোকে এবারটি রাখতেই হবে''..... ''কি! শুনবি না! কোনমতেই না? তোকে শুনিতেই হবে''.....। পরক্ষণেই সামরিক কায়দায় চীৎকার করিয়া আদেশ দিলেন, ''ফায়ার, ফায়ার, ফায়ার''। সেই অদৃশ্য মূর্তির দিকে কট্‌মট্ করিয়া তাকাইয়া দক্ষিণ হস্তখানি প্রসারিত করিয়া রহিলেন। আমি চম্‌কাইয়া উঠিলাম। এমন তীক্ষ্ণ মিলিটারী কমাণ্ড কেবল কুচকাওয়াজের সময়ই মাঠে ময়দানে শোনা যায়। এইভাবে ঝগড়া করিতে করিতে বিশেষ ক্লান্ত হইয়া পড়িলেন। কিছুক্ষণ আবার নিম্নস্বরে জপ চলিতে লাগিল। তারপর আবার বলিতেছেন, ''মা, আমি তোর অধম সন্তান, আমাকে কি ভয় দেখাতে আছে? এই তো হল!''

ইহার পর বেশ সুস্থভাবে জপ করিতে লাগিলেন। ক্রমশঃ আনন্দে যেন আত্মহারা হইতে লাগিলেন। এমনভাবে উচ্চহাস্য করিতে লাগিলেন যে ঘরখানা মুখরিত হইয়া উঠিল। সে হাসি আর থামে না। এক একবার থামিতে চেষ্টা করেন, পরমুহূর্তেই দ্বিগুণ নিনাদে হাসিয়া উঠেন। হাসিতে হাসিতে যেন ক্লান্ত, অবসন্ন হইয়া পড়িলেন। আমার ভয় হইতে লাগিলে যদি না এ হাসি বন্ধ হয়, হয়তো বা দম বন্ধ হইয়া অজ্ঞান হইয়া পড়িবেন। যাহা হউক, চার-পাঁচ মিনিট পরে কোনমতে সুস্থ হইলেন।

—শ্রীসজল কান্তি ভট্টাচার্য্য

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

চতুর্বিংশপর্য্যায় — (বেন)

ঋগ্বেদের যুগ থেকেই বেন নামক দেবতার খ্যাতি থাকলেও তাঁকে অপ্রধান দেবতাদের অন্তর্ভূক্ত করতে হবে। ঋগ্বেদের দশম মণ্ডলে বেনের স্তুতি করা হয়েছে একটা সম্পূর্ণ সূক্তে (১০/১২৩), অন্যত্র বহু স্থানে আমরা বেন পদটির উল্লেখ পাই (১/৩৪/১, ১/৪৩/৯, ১/৫৬/২, ১/৬১/১৪, ১/৮৩/৫, ২/২৪/১০, ৪/৫৮/৪, ৫/৩১/২, ৬/৪৪/৮, ৮/৩/১৮, ৮/৬৩/১, ৮/১০০/৫, ৯/২১/৫, ৯/৮৫/১০, ১০/৬৪/২, ১০/৯৪/১৪) কখনও কখনও বিভিন্ন দেবতার বিশেষণ হিসাবেও বেন শব্দটি ব্যবহৃত হয়েছে। তাই স্বাভাবিক ভাবেই এই দেবতার স্বরূপ নিয়ে বৈদিক সাহিত্যে একটা মতভেদ ছিল বলে অনেক পণ্ডিত মনে করেন। ঋগ্বেদের ১০/১২৩/১ মন্ত্রে বেনকে অন্তরিক্ষের দেবতা বলা হয়েছে। এই সূক্তটির দ্রষ্টাও হলেন বেন ঋষি। ঋষি সূক্তের প্রথম মন্ত্রেই বলেছেন —

''অয়ং বেনশ্চোদয়ৎপৃশ্নিগর্ভা জ্যোতির্জরায়ূ রজসা বিমানে।

ইদমপাং সঙ্গমে সূর্যস্য শিশুং ন বিপ্রা মতিভী রিহন্তি।।''

অর্থাৎ, বেন নামক দেবতা জ্যোতিদ্বারা পরিবেষ্টিত, তিনি জলনির্মাণকারী আকাশ মধ্যে সূর্য্যকিরণের সন্তান স্বরূপ জলেদের পৃথিবীতে প্রেরণ করেন। যখন সূর্য্যের সাথে জলের মিলন হয় তখন বুদ্ধিমান স্তবকারিগণ সেই বেন দেবকে বালকের মত নানা মিষ্ট বচনের দ্বারা স্তুতি করেন।

পরের মন্ত্রটিতেই বলা হয়েছে যে আকাশে তিনি দৃষ্ট হন। আধুনিক পণ্ডিতেরা এনার স্বরূপটি ভালভাবে বুঝতে পারেননি বলে মন্তব্য করেছেন —''বৃষ্টিদাতা আলোকময় কোন দেবতাকে বেন নামে উপাসনা করা হয়েছে। আলোচ্য সূক্তের প্রথম মন্ত্রেই বেনকে 'পৃশ্নিগর্ভা' বলা হয়েছে। সেই শব্দটির সূত্র ধরে পণ্ডিতেরা তাঁর স্বরূপ অনুসন্ধান আরম্ভ করেছেন। যাস্কাচার্য তাঁর নিরুক্ত নামক বেদাঙ্গে শব্দটির অর্থ করতে গিয়ে বলেছেন — ''পৃশ্নিগর্ভাঃ প্রাষ্টবর্ণগর্ভা আপ ইতি বা'' (নিঃ ১০/৩৯/২)। পৃশ্নি শব্দের অর্থ আদিত্য, কারণ প্রাষ্টবর্ণ বা উজ্জ্বলবর্ণ তাকে পরিব্যাপ্ত করে থাকে। আবার পূর্বোক্ত মন্ত্রটিতেই তাঁকে 'জ্যোতির্জরায়ু' বলা হল। এই শব্দটির ব্যাখ্যা করে যাস্কাচার্য বললেন — ''জ্যোতির্জরায়ুজ্যোতিরস্য জরায়ুস্থানীয়ং ভবতি'' (নিঃ ১০/৩৯/৩)। জরায়ুর দ্বারা গর্ভ যেভাবে বেষ্টিত থাকে, বেন দেবতাও তেমনি জ্যোতির দ্বারা পরিবেষ্টিত থাকেন। বেদাঙ্গের মন্ত্রার্থ আলোচনা থেকে বেনকে অন্তরিক্ষবাসী মধ্যমস্থানের দেবতা হিসাবে মনে করা হয়। নিরুক্তে শব্দটির নির্বচন দেখাতে গিয়ে বলা হল — ''বেনো বেনতেঃ কান্তিকর্মণঃ'' (১০/৩৮/১)। নৈরুক্ত ধাতু 'বেন্'-এর অর্থ কান্তি অর্থাৎ ইচ্ছা বা দীপ্তি। বেন দেবতা সর্বলোকের উপকার করেন বলে সকলেরই কান্ত বা অভীপ্সিত, আবার সূর্য দেবতা হিসাবে তিনি স্বভাবতই প্রদীপ্ত। আলোকদান ও মধ্যমাকাশে মেঘের সঞ্চার করা সূর্যের কাজ। তাই ধাতুগত বিচারে বেনকে সূর্যের সঙ্গে একীভূত করে দেখার একটা প্রবণতা ব্যাখ্যাকারদের মধ্যে কাজ করেছে। মূলতঃ বেদমন্ত্র ও নিরুক্তের পর্যালোচনা করেই তাঁরা এরূপ সিদ্ধান্তে পৌঁছাতে চেয়েছেন।

বেন ঋষি দৃষ্ট ঋগ্বেদের দশম মণ্ডলের পূর্বোক্ত সূক্তটির আলোচনা করে অধ্যাপক তুলসীদাস মুখোপাধ্যায় মন্তব্য করেছেন —''বেনদেব আকাশস্বরূপ সমুদ্র হইতে জলের তরঙ্গ প্রেরণ করিতেছেন। এই কারণে আকাশে সেই উজ্জ্বলমূর্তি বেনদেবের পৃষ্ঠদেশ দৃষ্ট হইল। তথায় তিনি দীপ্তি পান। তাঁহার পরিষদেরা সর্বসাধারণ, উৎপত্তিস্থল আকাশকে প্রতিধ্বনিত করিল। তিনি আবার শুভ্রবর্ণ আলোকের দ্বারা দীপ্যমান হন। দীপ্যমান হইয়া তিনি তৃতীয়লোকে অর্থাৎ আকাশের উপরিভাগ হইতে সর্বলোক বাঞ্ছিত জলের সৃষ্টি করেন।

বেনকে সূর্যের সঙ্গে এক করে দেখার আখ্যান ১০ম মণ্ডলের পূর্বোক্ত সূক্তটিতে আছে, তা ছাড়াও ঋগ্বেদের একাধিক স্থানে সূর্যকেই বেন বলা হয়েছে —''যজ্ঞৈরথর্বা প্রথমঃ পথস্ততে ততঃ সূর্যো ব্রতপা বেন আজনি'' (১/৮৩/৫)। ঋগ্বেদের বহু মন্ত্রে সূর্যকে পক্ষী হিসাবে দেখা হয়েছে — ঋগ্বেদেরই (১০/১২৩/৬) মন্ত্রে বেনকে আকাশের উড়ন্ত পাখী হিসাবে দেখা হয়েছে —''নাকে সুপর্ণমুপ যৎ, পতন্তং হৃদা বোনন্তো অভ্যচক্ষত ত্বা। হিরণ্যপক্ষং বরুণস্য দূতং''। অনেক সময়ে বেনকে গন্ধর্বও বলা হয়েছে। বেদে সূর্যও হলেন গন্ধর্ব (৯/৮৩/৪)।

ঋগ্বেদের পরবর্তীকালে লেখা ঐতরেয় ব্রাহ্মণের সাক্ষ্য থেকেও বেনকে সূর্য হিসাবে দেখার একটা ধারা পাওয়া যায় —''অয়ং বেনঃ চোদয়ৎ পৃশ্নিগর্ভা ইতি। বেনোহস্মাৎ বা ঊর্ধ্ব বা অন্যে প্রাণা বেনন্তি অবাঙ্ চোহন্যে তস্মাৎ বেণঃ প্রাণো

বা'' (ঐ.ব্রা ১/২০)। ব্রাহ্মণে 'এষঃ, অসৌ, অয়ং' পদের দ্বারা সাধারণতঃ সূর্যকে বোঝান হয়। এখানেও বেন সম্পর্কে (অয়ং) পদ ব্যবহার করে সূর্যকে বোঝান হয়েছে। পরবর্তী কালে প্রাণ বলতে সূর্যকে বোঝান হত, ব্রাহ্মণ বাক্যে বেন সম্পর্কে প্রাণ শব্দ ব্যবহৃত হওয়ায় বেন যে সূর্যের সমপর্যায়ভুক্ত তা বোঝা যায়। এই প্রসঙ্গে স্মরণীয় যে শতপথ ব্রাহ্মণের (৭/১/১৪) একটি বাক্যে বেনকে স্পষ্টতই আদিত্য বলা হয়েছে। *...ক্রমশঃ*

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

আশ্রম সংবাদ

১৫ই এপ্রিল— ১৪২৩-এর নববর্ষের শুভ সন্ধ্যায় শ্রীশ্রীমাকে দর্শনের অভিলাষে বহু ভক্ত সমাগত হয়েছিলেন।

সন্ধ্যায় সৎসঙ্গে শ্রীশ্রীমা উপস্থিত ভক্ত সমক্ষে শিক্ষণীয় কিছু কথা বলেন ও একটি সুন্দর গানের অনুষ্ঠান পরিবেশন করেন। এইদিন হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটি ও ''মহাবতার বাবাজী মহারাজ — এক সর্বব্যাপী রহস্যের খোঁজে'' - এই বাংলা পুস্তকটি প্রকাশিত হয়।

৯ই মে — অক্ষয় তৃতীয়ার পুণ্য লগ্নে শ্রীঅন্নপূর্ণা ক্ষেত্রে শ্রীশ্রীগজাননের পূজা ও যজ্ঞানুষ্ঠানের মাধ্যমে তাঁর শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করা হয়। দ্বিপ্রহরে সমাগত ভক্তের মধ্যে প্রসাদ বিতরণ ও সন্ধ্যায় একটি মনোরম সঙ্গীতানুষ্ঠানের মধ্য দিয়ে এই আনন্দপূর্ণ দিনটির পরিসমাপ্তি হয়।

১৭ই মে — এইদিন শ্রীইমতিয়াজ আলি ভাইসাব শ্রীশ্রীমায়ের দর্শন হেতু আশ্রমে আসেন ও কিছু সময় সৎসঙ্গে ব্যতীত করেন।

২১শে মে — বুদ্ধ পূর্ণিমার পুণ্য তিথিতে শ্রীশ্রীবাবাজী মহারাজের শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ করা হয়। সন্ধ্যার অনুষ্ঠানে শ্রীশ্রীমা পাতঞ্জল যোগ ও গীতা প্রসঙ্গে শিক্ষণীয় কিছু কথা বলেন। তারপর সমবেত সঙ্গীত পরিবেশনের পর প্রতিবারের মত আধ্যাত্মিক প্রশ্নোত্তরী পরিচালন করেন গুরুভ্রাতা ডাঃ বরুণ দত্ত।

২৯শে মে— এইদিন সন্ধ্যায় আশ্রমে শ্রীশ্রীমায়ের উপস্থিতিতে রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করেন শ্রীমতী অনিতা পাল ও তাঁর সহশিল্পীবৃন্দ। ইনি স্বনামধন্যা রবীন্দ্রসঙ্গীত শিল্পী শ্রীমতী সুচিত্রা মিত্রের একজন সুযোগ্য ছাত্রী।

৭ই জুন- ৬ই জুলাই — পুষ্করনিবাসী সন্ত শ্রীশ্রীটাটবাবা আশ্রমে এই কয়দিন অতিবাহিত করেন। এইসময় আশ্রমবাসীগণ তাঁর পূত সান্নিধ্যলাভে ধন্য হন।

২০শে জুন — শ্রীশ্রীজগন্নাথদেবের স্নানযাত্রার পুণ্য তিথিতে শ্রীশ্রীমায়ের আবির্ভাব তিথি পালিত হয়। সকালে শ্রীশ্রীঅন্নপূর্ণা অন্নক্ষেত্রে অনুষ্ঠিত হয় শ্রীশ্রী গুরুপূজা। দ্বিপ্রহরে উপস্থিত ভক্তবৃন্দ প্রসাদ গ্রহণ করেন। সন্ধ্যায় আশ্রম মন্দিরে একটি ভজনের অনুষ্ঠান পরিবেশন করেন গুরুভ্রাতা ও ভগিনীগণ।

২৬শে জুন — এইদিন সন্ধ্যায় আধ্যাত্মিক সভার ১৯তম পর্বে উপনিষদ্ প্রসঙ্গে বক্তব্য রাখলেন শ্রীশ্রীমায়ের সন্তান ডাঃ বরুণ দত্ত।

श्रीरामदूत हनुमान

श्रीश्रीमाँ सर्वाणी

'हनुमान' पुराण के एक अतिविशिष्ट महान भगवत् चरित्र है। इन अत्यद्भूत अवतार चरित्र की जन्मकथा भी अति विस्मयकारी है। उल्लेखित है कि सुमेरु पर्वत पर वानरराज केशरी अवस्थान करते थे। इन्हीं वानरराज केशरी के क्षेत्रज और वायुदेव के औरसजात पुत्र थे 'हनुमान'। हनुमान की माता का नाम अन्जना अथवा अंजनी था। अंजना वानरश्रेष्ठ कुंजर की दुहिता थी। एक दिन फल आहरणार्थ अंजना गहन वन में विचरण कर रही थी, ठीक उसी समय वायुदेव भी वहाँ से गमन कर रहे थे, ऐसे समय में अंजना के अप्सरा तुल्य रूपलावण्य को देख वायुदेव अति पुलकित हुए। अंजना के रूप पर मुग्ध होकर वायु (पवनदेव) के आलिंगन करने पर अंजना ने वायुदेव का तिरस्कार किया। तब वायु ने कहा कि उनका अंजना के साथ मानसिक रूप से मिलन हुआ है, इससे उसकी किसी क्षति की संभावना नहीं है। इसके फलस्वरूप उन्हें अति पराक्रमशाली और वायु के सदृश एक वेगवान पुत्र होगा।

तदनन्तर यह कहते हुए वायु ने वहाँ से प्रस्थान किया। कुछ दिन के पश्चात् ही अंजना ने गुहा में हनुमान को प्रसव किया। बालतनय के जन्म लेने के पश्चात् माता अंजना फलमूल आहार संग्रह के लिए गुहा से जब बाहर निकली तभी सद्य प्रसूत हनुमान क्षुधार्त हो क्रन्दन करने लगे। उसी समय आकाश में नवोदित सूर्य को देखकर हनुमान उसे ही फल समझकर ग्रहण करने के लिए उछलते हुए बहु शतयोजन ऊर्ध्व में आकाश में उड़ चले। हनुमान के आकाश में उत्थित होने पर पवन स्वीय पुत्र के प्रति ममता के वशवर्ती होकर उसके अनुगामी हुए। हनुमान धीरे-धीरे आकाश में गमन करते-करते सूर्य के सन्निधान में उपस्थित हुए। किन्तु सूर्य ने उसे शिशु समझकर दग्ध नहीं किया। उसी समय राहु सूर्य को ग्रास करने के लिए उद्यत हुए; किन्तु हनुमान को सूर्यरथ पर देखकर, उसे अपना प्रतिद्वन्दी समझते हुए तब राहु ने इन्द्र के निकट गमन कर अभियोग किया। इन्द्र ने राहु के अनुरोध पर सूर्य के समीप गमन कर हनुमान पर वज्रद्वारा प्रहार किया। उसी वज्राघात से पवन तनय की वाम हनु भग्न हो गयी एवं वे भूतल पर संज्ञाहीन होकर पतित हो गये। तब क्रुद्ध होकर पवनदेव आहत पुत्र को लेकर पर्वत गह्वर में छिप गये। तब सर्वभूतों में विपर्यय की सृष्टि हुई। वायु के अभाव में त्रिलोक में हाहाकार मच गया। वायु संचालन बंद होने पर देवताओं का समूह विपदा की आशंका से ब्रह्मा के पास गया। तब ब्रह्मा ने देवताओं सहित पर्वत गुहा में पवन सन्निधान में उपस्थित होकर हस्तस्पर्श द्वारा वायुपुत्र को जीवनदान दिया। अन्ततः वायु भी आनन्दित होकर पुनराय जगत् में विचरण करने लगी।

तदन्तर समस्त ब्रह्मादि देवगणों ने संतुष्ट होकर हनुमान को वर प्रदान किया। ब्रह्मा से वर प्राप्त कर हनुमान शत्रुओं के भयोत्पादक और मित्र के लिए अभयकारी, अजेय कामरूप, कामचारी कामगामी अव्यहतिगति और कीर्तिमान हुए। इन्द्र ने कहा कि उनके वज्राघात से हनु भग्न हुआ है इसीलिए ये महाबली वायुपुत्र 'हनुमान' नाम से विख्यात होंगे एवं इन्द्र के वज्र से अवध्य होंगे। सूर्य ने कहा, ''मैं इन्हें निज अंश का शततम अंश तेज प्रदान करता हूँ तथा जब ये वायुपुत्र शास्त्राध्ययन करने में समर्थ होंगे, तब मैं इन्हें शास्त्र प्रदान करूँगा। जिससे हनुमान असाधारण वाग्मीता प्राप्त करेंगे।'' वरुणदेव ने कहा कि उनके पाश और जल से अयूतशतवर्षों तक हनुमान की मृत्यु नहीं होगी। यम से वर प्राप्त कर वे यमदण्ड से अवध्य हुए। इसके अतिरिक्त रोगहीनता और अविसन्नता से भी लाभान्वित हुए। कुबेर ने कहा कि युद्ध में हनुमान उनकी गदा से अवध्य होंगे। शंकर और विश्वकर्मा ने भी पवन तनय को अपने अस्त्रों से अवध्य होने का वर प्रदान किया। देवगणों के इस प्रकार वर प्रदान करने के पश्चात् पवन ने अपने पुत्र को अन्जना के हस्त में

समर्पित करते हुए देवताओं द्वारा वर प्रदान वृत्तान्त को सुनाते हुए वहाँ से प्रस्थान किया। वर प्राप्त कर बलशाली होकर हनुमान ऋषियों के आश्रम में उपद्रव करने लगे। केशरी और पवन द्वारा निषेध करने के उपरांत भी हनुमान ने उनके निर्देशों पर कर्णपात नहीं किया। अवशेष में हनुमान के अत्याचार से पीड़ित होकर भृगु और अंगिरा वंशीय ऋषियों ने हनुमान को शाप दिया। उनके अभिशाप से हनुमान दीर्घकाल तक अपने बल और कीर्ति के संबंध में आत्मविस्मृत रहे। बहु समय पश्चात् रामलीला में सीता उद्धार के समय श्रीरामदूत होकर

सागर-लंघन के पूर्व जाम्बवान द्वारा उनके पूर्ववृत्तान्त का स्मरण करवाने पर तब हनुमान ने अपने को यथेष्ट शक्तिशाली बोध करते हुए 'राम-नाम' लेते हुए एक छलांग में सागर लंघन किया।

सूर्य का शतांश तेज धारण किया था इसीलिए हनुमान को 'रुद्रावतार' कहा जाता है। जो अवतार होकर आते है उनके आविर्भाव के पीछे कारण का भी कारण रहता है, क्योंकि एकाधिक कारण वशत: अवतार अपनी अवतार स्वरूप देह धारण करके रहते है एवं वह देह होती है सगुण ब्रह्म की एक नव रूपायण एवं जिसके मध्य सृष्टितत्त्व का कोई भी निर्दिष्ट विषय का ज्ञान सन्निवेशित रहता है। अवतार-देह साधारणत: भगवत्लीला में अंशग्रहण करने के लिए धारण की जाती है।

'रुद्र' का तात्पर्य भर्गदेव का प्रकाश रूप शिवरूप भी समझा जाता है। इसीलिए हनुमान शिवावतार। इन रुद्ररूपी शिवस्वरूप के पीछे ऋषि मुनियों द्वारा उपलब्धित एक विराट् सत्य निहित है; योगगम्य उपलब्धि के आलोक में देखा गया है कि 'हनुमान' एक अति प्राचीन ब्रह्मज्ञ ऋषि थे। भगवत्स्वरूप के पथ पर उन ब्रह्मज्ञ महर्षि की साधना रुद्रावतार रूप में शिवसायुज्य में भगवान श्रीरामचन्द्र की रामलीला में एक सुमहान चरित्र अवलम्बन कर आविर्भूत हुई थी। भक्तियोग के वैराग्य एवं दास्यभाव की साक्षात् प्रतिमूर्ति थे 'हनुमान'। इसके अतिरिक्त श्रीरामलीला में यौगिक-तात्त्विक रूप से हनुमान के बहुत अवदान हमलोग देख पाते है। साधारण भाव में 'हनु' शब्द का अर्थ हुआ गहुस्थल का उपरिभाग अथवा चोयाल या चिबुक। और यौगिक तत्त्वगत भाव से 'हनुमान' शब्द का अर्थ है 'हंकार' (या हंस का हं युक्त) संयुक्त अणु के (ब्रह्माणु का) मान; अर्थात् आत्मसत्ता का मान या आत्मा के स्वरूप की मान या परिधि। जो कि एक ब्रह्माणु के स्वरूप निर्णयकारी। इसीलिए हनुमान शिवरूप होकर भी शक्ति के प्रतीक, 'मान'रूपी आत्मशक्ति के प्रकाशित तत्त्वगत रूप, सगुण ब्रह्म सनातन के एक अद्भूत अनन्य असाधारण स्वरूप, पंचाननरूपी विराट् पुरुष के और एक प्रतिभू।

प्राचीन युग में शिलाद नाम के एक धर्मात्मा महान ऋषि थे। एकदिन जब वे शिवलोक से प्रत्यागमन कर रहे थे तो उन्होंने अपने पितृगणों को नरक में लम्बमान अवस्था में देखा। उन्होंने शिलाद से कहा कि, उनके दार-परिग्रह ना करने के फलस्वरूप उनकी ऐसी गति हुई है। इसीलिए उन्होंने शिलाद को पुत्र लाभार्थ महादेव की आराधना करने के लिए कहा। पितृगण के निर्देशानुसार महर्षि शिलाद भगवान शंकर की आराधना के लिए प्रवृत्त हुए। उनकी आराधना से संतुष्ट होकर महादेव ने उन्हें वर प्रार्थना करने के लिए कहा एवं शिलाद ने शिवतुल्य अमर अयोनिज पुत्र की प्रार्थना की। महादेव शिलाद को 'यह प्रार्थना पूर्ण होगी' का वर देकर चले गये, महर्षि शिलाद ने यज्ञभूमि कर्षण करते-करते लाँगल मार्ग में एक परम तेजस्वी कुमार को पुत्र रूप में प्राप्त किया। सर्वप्रथम शिलाद ने उस शिशु की ओर दृष्टिपात नहीं किया। तत्पश्चात् दैववाणी श्रवण कर उन्होंने उस शिशु को ग्रहण किया। वह कुमार उन्हें आनन्द प्रदान करने वाला था इसलिए उसका नाम रखा 'नन्दी' । नन्दी के सात वर्ष के वय:काल में मित्रावरुण नाम के तपस्वीद्वय शिलाद के आश्रम में उपस्थित हुए। शिलाद की सेवा से संतुष्ट होकर उन्होंने भविष्यवाणी की कि शिलाद-तनय नन्दी आठ वर्ष की उम्र में अकाल काल-कवलित हो जाएगा। महर्षि शिलाद यह श्रवण कर अत्यंत दु:खित हुए। नन्दी ने जब अपने पिता के दु:ख का कारण जाना तो मृत्यु को

अतिक्रम करने के लिए वे महादेव की आराधना करने चले गये एवं अति उग्र तपस्या कर महादेव से वर प्राप्त कर जरा और मृत्यु रहित हुए। साधन मार्ग पर-परिपूर्णता के पथ पर यही नन्दी ऋषि ही त्रेतायुग की भगवत्रामलीला में 'हनुमान' के चरित्र में भगवान श्रीरामदूत होकर आविर्भूत हुए थे। 'रामदूत' शब्द में 'राम' का तात्पर्य आत्मा और 'दूत' का अर्थ प्रतिनिधि; अर्थात् 'आत्मा के प्रतिनिधि' जो है, वे है परम विश्वासवान। 'विश्वास' अर्थात् विगत श्वास या श्वास शून्यता या स्थिर-प्राण। स्थिर-प्राण होने से आत्मा और विश्वास हुए उनके मान। अतएव 'हनुमान' हुए 'रामदूत', 'रामरूपी' समस्त आत्मसत्ता के विश्वास रूपी दृढ़-शक्ति के मान। नन्दी ऋषि शिव के प्रधान 'गण' रूप में परिगण्य हुए थे। उन्होंने वृषभ रूप में शिववाहन होकर भगवान शिव और देवी पार्वती को एक साथ अपने स्कन्ध पर धारण कर विश्व-पर्यटन किया। इसीलिए शिववाहन वृषभ 'नन्दीश्वर' कहकर परिचित है। वृषभ या ऋषभ शब्द का अर्थ हुआ श्रेष्ठ एवं बलिष्ठ। अतएव 'नन्दी' अति शक्तिशाली श्रेष्ठ एक शिवसायुज्यवान ब्रह्मर्षि जिन्होंने आयोनिसम्भवा 'हनुमान' रूप में अवतार धारण कर देवी सीता का संकट मोचन किया था इसीलिए उनका नाम पड़ा 'संकट मोचन'।

–हिन्दी अनुवाद : मातृचरणाश्रित श्रीविमलानन्द

श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली

श्री अमरेन्द्र चन्द्र श्याम की कृति 'अखण्ड महापीठ' द्वारा प्रकाशित भगवान श्रीश्री किशोरी मोहन का जीवन ग्रंथ 'वृहत् किशोरी भागवत्'। इसके अंतर्गत भगवान किशोरी मोहन के अमूल्य आध्यात्मिक उपदेश समृद्ध पत्रावली से निम्नलिखित पत्रों को उद्धृत किया गया है।

पत्र संख्या (२)

ॐ

८ अग्रहायण, १३४५

काशीधाम

श्रीमाती सरला परम् कल्याणीयाषु,

